The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯ এ পদার্পণ

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ সংখ্যা ০৪ সোমবার আশ্বিন ২৯ ১৪৩১ / রবিউস সানি ১০, ১৪৪৬ / Vol. 29 / Issue 04 / October 14, 2024 USA. Free in NY, Other State $1

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব


নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলা পত্রিকা রিপোর্ট: ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে দীর্ঘ প্রায় ১৬ বছর পর স্বৈরাচার সরকারের পতনের প্রতিষ্ঠিত বৈষম্যহীন নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হলো নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষ্যে রোববার (১৩ অক্টোবর) সন্ধ্যায় নিউইয়র্ক সিটির কিউ গার্ডেনের আগ্রা প্যালেসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রবাসী বাংলাদেশী সাংবাদিক, ক্লাব সদস্য আর কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে উঠে। অনুষ্ঠানমালার মধ্যে ছিলো শুভেচ্ছা বিনিময়, ক্লাবের নতুন সদস্যদের ফুল দিয়ে বরণ, সংক্ষিপ্ত বক্তব্য, সঙ্গীত আর নৈশভোজ। খবর ইউএনএর।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ফখরুল ইসলাম মাসুম। এরপর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের পর বিশ্বে নিহত সকল সাংবাদিকদের স্মরণে *(বাকি অংশ ৩ এর পাতায়)*



যুক্তরাষ্ট্রে বাংলাদেশের দূর্নীতিবাজরা সামাজিকভাবে বয়কটের শিকার



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে আশ্রয়গ্রহণকারী বাংলাদেশের দূর্নীতিবাজরা সামাজিকভাবে বয়কটের শিকার হয়েছেন। দেশের দূর্নীতিবাজদের মধ্যে যারা নিউইয়র্ক ষ্টেট সহ যুক্তরাষ্ট্রের যেসব ষ্টেটে আশ্রয় নিয়েছেন বা যাদের বিরুদ্ধে স্বৈরাচার শেখ হাসিনা সরকারের সহযোগী হিসেবে চিহ্নিত হয়ে যুক্তরাষ্ট্রে আশ্রয়-প্রশ্রয় নিয়েছেন তারা প্রকাশ্যে আসছেন না বলে অনুসন্ধানে জানা গেছে। অপরদিকে সংশ্লিস্ট দূর্নীবিজদের খোঁজ আর তথ্য সংগ্রহে সরকারী ও বেসরকারী পর্যায়ের বিভিন্ন মহল ও সংস্থা থেকে অনুসন্ধান চালানো হচ্ছে।

সূত্র মতে, বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, সাবেক স্বাস্থ্যমন্ত্রী মরহুম মোহাম্মদ নাসিম পুত্র তমাল মনসুর, আওয়ামী লীগের সাবেক প্রচার ও প্রকাশনা সম্পাদক, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ সহকারী, সাবেক এমপি আব্দুস সোবহান গোলাপ, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ সহকারী (প্রেস) সাংবাদিক আশরাফুল আলম খোকন, সাউথ-বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স ব্যাংকের সাবেক চেয়ারম্যান এসএম আমজাদ হোসেন, শেখ হাসিনার ব্যক্তিগত সহকারী জাহাঙ্গীর আলম প্রমুখ এখন যুক্তরাষ্ট্রেই বসবাস করছেন এবং তারা প্রকাশ্যে জনসম্মুখে আসছেন না। তারা সামাজিকভাবে বয়কটের শিকার হচ্ছেন বলে সচেতন প্রবাসীরা জানিয়েছেন। আর তাদের গা ঢাকা দেওয়ার কারণে সঠিক কোন *(বাকি অংশ ১০ এর পাতায়)*

আহত পাঁচ

মিশিগানে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেলো বাংলাদেশী পিতা-পুত্রের



নুর মিয়া মাহিদুল ইসলাম সুজন

বাংলা পত্রিকা রিপোর্ট:যুক্তরাষ্ট্রের মিশিগানের ডেট্রয়েটে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেলো প্রবাসী বাংলাদেশী নুর মিয়া (৬৫) ও তাঁর ছেলে মাহিদুল ইসলাম সুজন (৩৫) নামে।

গত ১০ অক্টোবর বৃহস্পতিবার দুপুরে ডেট্রয়েটের *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

জ্যাকসন হাইটসে মাদক বিক্রেতাসহ অপরাধীদের উৎপাত বৃদ্ধি

নিরাপত্তাশঙ্কায় উদ্বীগ্ন ব্যবসায়ীরা

বাংলা পত্রিকা রিপোর্ট:

নিউইয়র্কের জ্যাকসন হাইটসে ছিন্নমূল মাদক ব্যবসায়ী ও অবৈধ ভেন্ডারদের উৎপাত দিন দিন বেড়েই চলছে। এতে করে জ্যাকসন হাইটসের রোজভেল্টসহ আশেপাশের ব্যবসায়ীরা চরম বিপাকে পড়ছেন প্রতিনিয়ত। একাধিক ব্যবসায়ীদের অভিযোগ পুলিশ ও সিটি কর্তৃপক্ষ এদের নিয়ন্ত্রণে কার্যকরী আইনী পদক্ষেপ গ্রহণ না করায় অবৈধ মাইগ্রেন্ট ও হোমলেসরা বেপরোয়া হয়ে ওঠেছে। এদের উৎপাতের শিকার কোন ব্যবসায়ী প্রতিবাদ করতে গেলে উল্টো তাদের হাতে লাঞ্চিত হওয়ার ঘটনা ঘটছে। এ ছাড়া জ্যাসন হাইটসে গত কয়েক মাসে ব্যবসা প্রতিষ্ঠানে প্রকাশ্যে ঢুকে নগদ অর্থ, স্বর্ণ লুটসহ কয়েকটি দুর্ধষ চুরির ঘটনা ঘটেছে। এসবের সাথে জড়িতদের চিহ্নিত করে আইনের আওতায় না নিয়ে আসায় এ এলাকার ব্যবসায়ীদের মধ্যে নিরাপত্তার শঙ্কা ও উদ্বেগের সৃষ্টি হয়েছে।



খোঁজ নিয়ে জানা গেছে, জ্যাকসন হাইটসের ৭২, ৭৩, ৭৪, ৭৫সহ আশেপাশের এলাকায় বাংলাদেশী মালিকানাধীন ছোট-বড় ২ শতাধিক ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে। প্রতিদিন কয়েক মিলিয়ন ডলারের ব্যবসা হয় এ এলাকায়।

গত ২৮ সেপ্টেম্বর জ্যাকসন হাইটসের রোজভেল্টে ৭৫ স্ট্রীটে বাংলাদেশী মালিকানাধীন 'বাংলাদেশ ফার্মেসীর' প্রবেশমুখের সামনে দাঁড়িয়ে এক ব্যাক্তি প্রকাশ্যে ঢেকে মাদক বিক্রির জন্য ক্রেতা খোঁজছিলো। এ সময় প্রতিষ্ঠানের কর্ণধার শাহাব আহমেদ ওই ব্যাক্তিকে ব্যবসা প্রতিষ্ঠানের সম্মুখ থেকে চলে যেতে বলেন। এতে ওই লোকটি ক্ষিপ্ত হয়ে শাহাব আহমেদকে ধাক্কা দিয়ে উল্টো হুমকি দেয়। তিনি তাৎক্ষণিক জ্যাকসন হাইটসের প্রিসেন্ট পুলিশকে কল দেন। পুলিশ আসার আগেই লোকটি সটকে *(বাকি অংশ ২৯ এর পাতায়)*

যে কারণে বিপাকে পড়েছেন কানাডার অস্থায়ী অভিবাসীরা

বাংলা পত্রিকা ডেস্ক: কানাডায় স্থায়ী হওয়ার একটি পথ ছিল শিক্ষার্থী হিসেবে এসে গ্র্যাজুয়েশনের পর কাজ খুঁজে নেওয়া। অন্য একটি পথ হলো চাকরি নিয়ে দেশটিতে আসা। এই দুই পথেই সবচেয়ে বেশি অভিবাসী কানাডায় এসেছেন এবং একটি নির্দিষ্ট সময়ের পর তারা স্থায়ীভাবে থাকার অনুমতি পেয়েছেন। আর সর্বশেষ পথটি হলো আশ্রয়প্রার্থী হয়ে দেশটিতে থাকা।

করোনাভাইরাস মহামারির পর কানাডায় শ্রমিকসংকটের কারণে দেশটির কর্তৃপক্ষ অভিবাসীদের অস্থায়ীভাবে দেশটিতে থাকার অনুমতি দেয়। দেশটিতে যে ৩০ লাখ মানুষের কোনো না কোনো ধরনের অস্থায়ী বসবাসের অনুমতি আছে, তাদের ২২ লাখই এসেছেন গত দুই বছরে। কানাডার জনসংখ্যা ৪ কোটি ১৩ লাখ। এর ৬ দশমিক ৮ শতাংশই অস্থায়ী বসবাসকারী, যে হার ২০২২ সালে ছিল ৩ দশমিক ৫ শতাংশ।

কানাডায় *(বাকি অংশ ৩ এর পাতায়)*

গুজব-গুঞ্জনের হাওয়ায় দেশ

বাংলা পত্রিকা রিপোর্ট: গুজব আর গুঞ্জনে হাওয়ায় ভাসছে দেশ। সম্প্রীতি বিনষ্টে সাম্প্রদায়িক অপতথ্য, প্রাকৃতিক দুর্যোগে তথ্য বিভ্রাট থেকে শুরু করে এক দফা আন্দোলন -সব কিছুকে ছাপিয়ে মঙ্গলবার রাতে সরকার পতন, প্রতিমা ভাংচুর, বন্যা-প্রাকৃতিক দুর্যোগ, আগস্ট মাসে সর্বোচ্চ ৩৭০টি গুজব প্রকাশ পেয়েছে। সেপ্টেম্বরে প্রথম সপ্তাহে প্রায় প্রতি ঘন্টায় ফ্যাক্ট চেকিং পলিসি ও ফ্লাগিং প্রসেস কাজ না করায় গুজব আর গুঞ্জন নির্ভরতা বাড়ছে গণমাধ্যমগুলিতে। গুজব আর গুঞ্জনের হাওয়ায় অনুমান নির্ভর তথ্যে গণমাধ্যমগুলিও বিভিন্ন খবর প্রকাশ করছে। আর এ কারণেই এমন গুজব আর গুঞ্জনে দেশে-বিদেশে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে।



সাম্প্রতিক সময়ের আলোচিত যে দুটি গুজব আর গুঞ্জন ছড়িয়ে পড়ে তার মধ্যে একটি হলো, প্রধান উপদেষ্টা *(বাকি অংশ ১০ এর পাতায়)*


বাফেলোতে বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউ ইয়র্কের বাফেলোতে বাংলাদেশী বংশোদ্ভুত যুবক রওনক হক রতন (২০) কৃষ্ণাঙ্গের গুলিতে নিহত হয়েছেন। শনিবার (১২ অক্টোবর) বিকেলে বাফেলো শহরের নিকটবর্তী উপশহর চেকটোওয়াগাতে নিজ বাসা থেকে দুই ব্লক দুরে তাকে গুলি করে হত্যা করা হয়। এ ঘটনায় কমিউনিটিতে *(বাকি অংশ ১২ এর পাতায়)*











ওজনপার্কে নির্বাচনী প্রচারণায় মাকসুদ-মাসুদ পরিষদের সভা

চট্টগ্রাম সমিতির নির্বাচন

বাংলা পত্রিকা রিপোর্ট: চট্টগ্রাম সমিতির আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্যানেল মাকসুদ মাসুদ পরিষদের প্রচারণায় পরিচিতি সভা অনুষ্ঠিত হয়। গত রবিবার ৬ অক্টোবর সন্ধ্যা ৭ টায় ওজন পার্কের আবদুল্লাহ ব্যাংক্যুয়েট হলে অনুষ্ঠিত এ সভায় সমাজ সেবক ও রাজনীতিবিদ মোহাম্মদ জাফর আহমদ চৌধুরীর সভাপতিত্বে এবং চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি মো. আহসান হাবিবের পরিচালনায় সভায় প্রধান অথিতি ছিলেন বাংলাদেশে সোসাইটির ট্রাস্টি বোর্ডের অন্যতম সদস্য ও চট্টগ্রাম সমিতির ট্রাস্টি বোর্ডের সাবেক কো-চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা শাহাজাহান সিরাজী, বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি সরওয়ার জামান চৌধুরী সিপিএ, সাবেক প্রধান নির্বাচন কমিশনার হাসান চৌধুরী, সাবেক নির্বাচন কমিশনার ইঞ্জিনিয়ার মো. জাহাঙ্গীর আলম, সাবেক উপদেষ্টা ও সাবেক যুগ্ম সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হাজী শফিউল আলম, মিরসরাই সমিতির উপদেষ্টা সেলিম চৌধুরী, চট্টগ্রাম সমিতির সাবেক সাধারন সম্পাদক মেহবুবর রহমান বাদল, নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব মো জসিম উদ্দীন, সাধন কর, মিরসরাই সমিতির সাবেক সাধারন সম্পাদক জনাব আসিফুর রহমান, মিরসরাই সমিতির সাবেক সাধারন সম্পাদক রবিউল ইসলাম মিল্টন, মিরসরাই সমিতি ইউ এস এ এনএ এর উপদেষ্টা হাফিজ উদ্দীন, জয়নাল আবেদিন জাহাঙ্গীর, সাতকানিয়া সমিতির সভাপতি মো আবুল কাসেম, আনোয়ারা বারখাইন ইউনিয়নের সাবেক চেয়ারম্যান একেএম শাহাজাহৈন চৌধুরী, আবু মুছা, মিরসরাই সমিতির সাবেক সভাপতি আমজাদ হোসেন ভুঁইয়া, আজীবন সদস্য নাছির উদ্দীন নাদের, কক্সবাজারের কৃতি সন্তান মোহাম্মদ মন্নান, আবদুল হামিদ, আনোয়ার চৌধুরী, এড আবু তাহের আবদুল হালিম, মহি উদ্দীন, মোহাম্মদ মিল্লাত, লুলু বড়ুয়া প্রমুখ । বক্তব্য পর্বের মাঝামাঝি সময়ে বিপুল চট্টগ্রামবাসীর উপস্থিতিতে একে মাকসুদ-মাসুদ পরিষদের প্রার্থীদের পরিচিত করিয়ে দেন নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক ও সাবেক সাধারন সম্পাদক মেহবুবর রহমান বাদল। প্রার্থীরা সংক্ষিপ্তভাবে নিজ নিজ পরিচিতি তুলে ধরেন। সভায় অথিতিবৃন্দ ছাড়াও সভাপতি পদপ্রার্থী মাকসুদ চৌধুরী, সাধারন সম্পাদক পদপ্রার্থী মাসুদ সিরাজী, সিনিয়র সহসভাপতি পদপ্রার্থী মুকতাদির বিল্লাহ ও সহ সভাপতি প্রার্থী মাওলানা আইয়ুব আনসারী বক্তব্য রাখেন।

উল্লেখ্য দীর্ঘ প্রায় ৭ বছরের অধীর সময় পর চট্টগ্রাম সমিতির এই নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে । আগামী ২০ অক্টোবর রবিবার সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত ভোট গ্রহন করা হবে ব্রুকলীন ও জ্যামাইকা কেন্দ্রে এবং নিউ ইয়র্কের বাইরের কেন্দ্র গুলোতে একই দিন সকাল ১০ টা থেকে বিকাল ৬ টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে।

পেনসেলভেনিয়াতে মাকসুদ -মাসুদ পরিষদের পরিচিতি সভা

ফিলাডেলফিয়া এবং মেলবর্ণ শহরের মাঝামাঝি অবস্থিত আপার ডার্বী শহরের বহুল পরিচিত আল-শাফা পিৎজা ও গ্রীল রেস্টুরেন্টে গত ১ অক্টোবর মঙ্গলবার অনুষ্ঠত হয় আসন্ন চট্টগ্রাম সমিতির নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্যানেল মাকসুদ - মাসুদ পরিষদের প্রার্থীদের পরিচিতি সভা।

পেলসেলভেনিয়ার বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক মোহাম্মদ ইউনুস মিয়া সওদাগরের সভাপতিত্বে এবং চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি আহসান হাবীবের পরিচালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন মেলবর্ণ শহরের নির্বাচিত মেয়র মাহবুবুল আলম তৈয়ব, বিশেষ ছিলেন বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টির অন্যতম সদস্য, চট্টগ্রাম সমিতির বোর্ড অব ট্রাস্টির সাবেক কো চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা শাহজাহান সিরাজী, বাংলাদেশী কমিউনিটি অব পেনসেলভেনিয়ার সাবেক সভাপতি জাহেদ চৌধুরী, বাংলাদেশ কমিউনিটি অব পেনসেলভেনিয়ার সভাপতি মঈন উদ্দীন (মঈনুল), মেলবর্ণ শহরের সাবেক কাউন্সিল মেম্বার ফেরদাউস ইসলাম, বাংলা নিউজের সম্পাদক ও টাইম টেলিভিশনের প্রতিনিধি, শেখ খোরশান। চট্টগ্রাম সমিতির সিনিয়র আজীবন সদস্য বীর মুক্তিযোদ্ধা হাজী শফিউল আলম, চট্টগ্রাম সমিতির সাবেক উপদেষ্টা মো জসিম উদ্দীন এবং বিশিষ্ট সমাজ সেবক ও উক্ত অঙ্গরাজ্যের একটি পেশাদার সংগঠনের নির্বাচন কমিশনার মোহাম্মদ শাহাদাত হোসেন প্রমুখ।

এছাড়াও স্থানীয় অনেক তরুন প্রজন্মের প্রতিনিধি উক্ত সভায় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সমিতির সাবেক কর্মকর্তা মো. বখতিয়ার, সংগীত শিল্পী জলি দাস, বিশিষ্ট সমাজ সেবক আব্দুস সাত্তার (শুক্কুর), মোহাম্মদ উদ্দীন, মোহাম্মদ ইসমাইল, রাজনীতিবিদ মো. সেলিম চৌধুরী, মোহাম্মদ আলমগীর, মোহাম্মদ আজাদ, মোহাম্মদ আলাউদ্দীন, মনসুর আলম, আবু খালেক সেলিম, মো. এহসান চৌধুরী, হিমাদ্রী হিমু, মোহাম্মদ সেলিম, স্বপন দাস, মোহাম্মদ ইসহাক, নুরুল আবছার, এম নাছির উদ্দীন, মোহাম্মদ ফজলুল করীম, এহসান খান, আবদুল হামিদ, আবদুল হালিম, শফি সিকদার, মুহাম্মদ দিদার ও আবু তাহের প্রমুখ।

প্রার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সভাপতি পদপ্রার্থী মাকসুদুল হক চৌধুরী, সাধারন সম্পাদক পদপ্রার্থী মাসুদ হোসেন সিরাজী, সি সহ সভাপতি পদপ্রার্থী মুকতাদির বিল্লাহ, সহ





সভাপতি পদপ্রার্থী আইয়ুব আনসারী, যুগ্ম সম্পাদক পদপ্রার্থী ইকবাল হোসেন ভুঁইয়া, কোষাধ্যক্ষ পদপ্রার্থী সুমন উদ্দীন, সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ ফরহাদ, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী সুশান্ত দত্ত, সমাজ কল্যাণ সম্পাদক পদপ্রার্থী আকতারুল আজম, সহ দপ্তর সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ জে আবেদীন আতিক, সদস্য পদপ্রার্থী শাহাআলম ও মো শওকত আলী।

অসুস্থদের জন্য দোয়া মাহফিল

চট্টগ্রাম সমিতির সাবেক প্রধান নির্বাচন কমিশনার সর্বজন শ্রদ্ধেয় সৈয়দ এম রেজা, সাবেক প্রধান নির্বাচন কমিশনার ও প্রতিষ্ঠাতা সদস্য হাসান চৌধুরী, সাবেক প্রধান নির্বাচন কমিশনার আলহ্বাজ মোহাম্মদ জাফর, সাবেক সভাপতি ইলিয়াছ মিয়ার সহ ধর্মিনী, চট্টগ্রাম সমিতির অন্যতম পুরনো সদস্য খায়রুল বাশার, সাতকানিয়া সমিতির সভাপতি আবুল কাসেম, আবদুল হামিদ, মোহাম্মদ হোসাইন সহ যে সকল ভাই ও বোনেরা অসুস্থ আছেন সকলের সুস্থতা কামনা করে মাকসুদ মাসুদ পরিষদের পক্ষ থেকে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।



নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

(প্রথম পাতার পর) এক মিনিট নিরবতা পালন করা হয়। এতে স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের সাবেক সভাপতি ও প্রতিষ্ঠাবার্ষিকী আয়োজক কমিটির আহ্বায়ক ডা. ওয়াজেদ এ খান। পরবর্তীতে ক্লাব কমিটিকে পরিচয় করিয়ে দেন সাধারণ সম্পাদক মমিন মজুমদার এবং নতুন সদস্যদের ফুল দিয়ে বরণ করেন সভাপতি মনোয়ারুল ইসলাম।

এরপর ক্লাবের উপদেষ্টা, কর্মকর্তা ও সদস্যদের মধ্য থেকে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন উপদেষ্টা মনজুর আহমদ, মাঈনুদ্দীন নাসের, মাহমুদ খান তাসের ও এবিএম সালেউদ্দিন, প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক সভাপতি আবু তাহের, প্রতিষ্ঠাতা সদস্য রিমন ইসলাম, ক্লাব সদস্য ড. কনক সারোয়ার, ইমরান আনসারী, ফরিদ আলম ও শেখ খোরাশান এবং নতুন সদস্যদের মধ্য থেকে বক্তব্য রাখেন ইলিয়াস হোসেন। এছাড়াও আমন্ত্রিত অতিথিদের মধ্য থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ড. আবু জাফর মাহমুদ, বাংলাদেশ সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি, বিশিষ্ট ব্যবসায়ী ও মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ, এটর্নী মঈন চৌধুরী, অ্যাসাল-এর ন্যাশনাল সভাপতি মাফ মিসবাহ উদ্দিন, 'ব্লাক ডায়মন্ড' খ্যাত জনপ্রিয় সঙ্গীত শিল্পী বেবী নাজনীন, যমুনা টিভি'র বিশেষ প্রতিনিধি আব্দুল্লাহ তুহিন, বিশিষ্ট রাজনীতিক এএসএম রহমতউল্লাহ ভূইয়া, বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'রুহুল-জাহিদ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ক্লাবের যুগ্ম সম্পাদক ও প্রতিষ্ঠাবার্ষিকী আয়োজক কমিটির সদস্য সচিব আলমগীর হোসেন সরকার।

স্বাগত বক্তব্যে ডা. ওয়াজেদ এ খান ক্লাব প্রতিষ্ঠার অন্যতম পূরধা, ঢাকাস্থ জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি মরহুম ফাজলে রশীদকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে ক্লাব প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে তুলে ধরেন। তিনি বলেন, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত বাংলা সংবাদপত্র, টেলিভিশন চ্যানেল, বাংলাদেশের জাতীয় দৈনিক ও টেলিভিশন চ্যানেলের নিউইয়র্ক প্রতিনিধি এবং বিভিন্ন অনলাইন সংবাদ মাধ্যমে কর্মরত পোশাজীবি সাংবাদিকদের প্রাণের সংগঠন। সাংবাদিকতার গুণগত মানোন্নয়ন, সাংবাদিকদের মাঝে পারস্পারিক সৌহার্দ্য সম্প্রীতি বৃদ্ধি ও স্থানীয় বাংলাদেশী কমিউনিটির সাথে নিবিড় সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ২০০৮ সালে ক্লাবটি প্রতিষ্ঠিত হয়। তিনি বলেন, প্রেসক্লাব সংবাদ মাধ্যম ও সাংবাদিকতার জগতে হয়তো কোন পরিবর্তণ আনতে পারবে না। কিন্তু সমাজ ও সভ্যতায় পরিবর্তনের কারিগরের ভূমিকা পালনকারী সাংবাদিকদের কাতারে শামিল হয়ে সংগঠনটি এগিয়ে যাবে। তিনি বলেন,

(বাকি অংশ ১২ এর পাতায়)







درج ذیل کسی بھی وجہ سے آپ کی
کسی ادائیگی پر تاخیر سے
آپ پر مزید تحائف عائد
تاخیر کی فیس کے بغیر ادائیگی
:مزید تلاش کریں کے

- میڈیکیڈ
- فیڈرل پبلک ہاؤسنگ اسسٹنس
- ویٹرنز ڈِس ایبلٹی
- وی اے سروائیورز پنشن

آپ اپنے توانائی کے
بل پر رعایت کے اہل
ہو سکتے ہیں۔



درخواست دینے کے لیے conEd.com/EAP ملاحظہ کریں۔

conEdison

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

উদ্বেগ কাটছে না মানুষের

বেঁচে থাকার এবং ন্যায়বিচার পাওয়ার অধিকার সবারই আছে। অপরাধীর জন্য শাস্তি নিশ্চিত করা যেমন জরুরি, তেমনি একজন নিরপরাধ মানুষও যেন শাস্তি না পায় সেটা নিশ্চিত করা যেকোনো আধুনিক ও সভ্য রাষ্ট্রের অবশ্য পালনীয় কাজ। আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে গণরোষ তৈরি হওয়ার একটি অন্যতম কারণ আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করতে না পারা।

“মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির মাসিক প্রতিবেদনে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকারের অধীনে মানবাধিকারের কিছু ক্ষেত্রে উন্নতি হলেও সামগ্রিকভাবে এই অগ্রগতি অপর্যাপ্ত। কিছু কিছু ক্ষেত্রে মানবাধিকার পরিস্থিতির অবনতি হয়েছে। আওয়ামী লীগ সরকারের পতনের পর শুধু সেপ্টেম্বর মাসেই দেশে অন্তত ২৮ জনকে পিটিয়ে হত্যা করা হয়েছে। আর রাজনৈতিক সহিংসতার ঘটনায় কমপক্ষে ১৬ জন নিহত হয়েছেন। সেপ্টেম্বর মাসে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যৌথ অভিযানের সময় নির্যাতনে চারজনের মৃত্যু হয়েছে। গত মাসে অন্তত ৪৪টি ধর্ষণের ঘটনা ঘটেছে। ১৮ নারী ও কিশোরীকে দলবদ্ধ ধর্ষণ করা হয়েছে, চারজনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে।”

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশে দেওয়া এক ভাষণে বলেছিলেন, ‘গণরোষের মুখে ফ্যাসিবাদী সরকারপ্রধান দেশ ত্যাগ করার পর আমরা এমন একটি দেশ গড়তে চাই, যেখানে প্রতিটি নাগরিকের মানবাধিকার থাকবে পুরোপুরি সুরক্ষিত। আমাদের লক্ষ্য একটিই-উদার, গণতান্ত্রিক, বৈষম্যহীন, অসাম্প্রদায়িক বাংলাদেশ। আমরা এক পরিবার। আমাদের এক লক্ষ্য। কোনো ভেদাভেদ যেন আমাদের স্বপ্নকে ব্যাহত করতে না পারে সে জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ।’

বেশ উদ্দীপনা জাগানোর মতো বক্তব্য। কিন্তু আমরা কি এটা জোর দিয়ে বলতে পারি যে সরকার বদলের পর দেশে মানবাধিকার সুরক্ষিত করা সম্ভব হয়েছে? নাকি উদ্বেগ ও অস্বস্তির মাত্রা বেড়েছে? দেশে কেমন যেন একটা অরাজকতার রাজত্ব কায়েম হয়েছে। দেশে একটি সফল গণ-অভ্যুত্থানের পর স্বভাবতই মানুষের মনে নিরাপদ জীবনের আশা জোরদার হয়েছিল। কিন্তু বাস্তবে ঘটছে অন্য রকম ঘটনা।

মানবাধিকার সংস্থা হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির মাসিক প্রতিবেদনে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকারের অধীনে মানবাধিকারের কিছু ক্ষেত্রে উন্নতি হলেও সামগ্রিকভাবে এই অগ্রগতি অপর্যাপ্ত। কিছু কিছু ক্ষেত্রে মানবাধিকার পরিস্থিতির অবনতি হয়েছে। আওয়ামী লীগ সরকারের পতনের পর শুধু সেপ্টেম্বর মাসেই দেশে অন্তত ২৮ জনকে পিটিয়ে হত্যা করা হয়েছে। আর রাজনৈতিক সহিংসতার ঘটনায় কমপক্ষে ১৬ জন নিহত হয়েছেন। সেপ্টেম্বর মাসে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সংঘর্ষে বা হেফাজতে অন্তত ৯ জন নিহত হয়েছেন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যৌথ অভিযানের সময় নির্যাতনে চারজনের মৃত্যু হয়েছে। গত মাসে অন্তত ৪৪টি ধর্ষণের ঘটনা ঘটেছে। ১৮ নারী ও কিশোরীকে দলবদ্ধ ধর্ষণ করা হয়েছে, চারজনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং একজন আত্মহত্যা করেছেন।

উদ্বেগের সঙ্গে এটাও লক্ষ করা যাচ্ছে যে আইন নিজের হাতে তুলে নিয়ে আদালতের বাইরেই একধরনের বিচার করে ফেলার প্রবণতা মাথাচাড়া দিয়ে উঠছে। আগে ক্ষমতাসীন দলের ছত্রচ্ছায়ায় চাঁদাবাজি ও দখলদারির মতো যেসব অপরাধ সংঘটিত হতো, তা এখনো ভিন্ন রাজনৈতিক ছত্রচ্ছায়ায় অব্যাহত আছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের মাধ্যমে জনগণের মৌলিক ও সাংবিধানিক অধিকার নিশ্চিত করতে না পারলে পরিস্থিতি আরও অবনতির দিকে যাবে।

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী সম্প্রতি এক অনুষ্ঠানে বলেছেন, ‘আইনশৃঙ্খলা পরিস্থিতির কোনোভাবেই অবনতি হতে দেওয়া যাবে না। যারা পরিস্থিতির অবনতি করার চেষ্টা করবে, তাদের কোনো অবস্থাতেই ছাড় দেওয়া হবে না।’

বাংলাদেশের মানুষ এখন শুধু আশাবাদী কথা শুনতে চায় না, ভালো কাজ দেখে আশ্বস্তও হতে চায়।

ড. মুহাম্মদ ইউনূসের কাছে দেশ-জাতির



এডভোকেট জিয়া হাবীব আহসান

(ডান পাশের অংশ থেকে) চেয়েছিল কারাগারে পাঠাতে আর জনগণ পাঠালো তাঁকে রাষ্ট্র সংস্কারের দায়িত্বে।

তিনি একটি সুন্দর নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক সরকার গঠন, অর্থনীতিকে জোরদার করে গড়ে তুলতে যে সংগ্রাম শুরু করেছেন, তা আমাদের মুক্তির সংগ্রাম। কেননা স্বাধীনতা অর্জন অপেক্ষা তাকে রক্ষা করা আরো কঠিন এবং মহান দায়িত্ব। বিশ্বের নানাস্থানে ছড়িয়ে পড়া রেমিটেন্স ফাইটারদের মর্যাদা আপনি প্রতিষ্ঠিত করেছেন। তারা আমাদের অর্থনীতির চাকাকে সচল রাখে। তারপর গুরুত্ব দিতে হবে ধ্বংসপ্রাপ্ত শিক্ষা ব্যবস্থা সংস্কারে। আমাদের উচ্চ শিক্ষা গবেষণা নির্ভর না হয়ে দলনির্ভর হয়ে উঠেছে। শিক্ষক রাজনীতির কুফলমুক্ত শিক্ষাঙ্গন চাই। আর শিক্ষা ব্যবস্থায় জাতির ইতিহাস, সভ্যতা, সংস্কৃতি ও আশা আকাঙ্ক্ষার প্রতিফলন থাকা চাই।

বাংলাদেশ নামক রাষ্ট্র সংস্কারে তার ঐতিহাসিক ভূমিকার দিকে তাকিয়ে আছে সমগ্র জাতি। দুর্নীতি, স্বজনপ্রীতি, ব্যক্তিকেন্দ্রিকতা, পরিবার তন্ত্রের যাঁতাকল থেকে রাষ্ট্রকে উদ্ধার করা সময়ের দাবি। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে মুক্ত করে জাতীয় পুলিশ কমিশন গঠন, বিচার বিভাগকে সংস্কার ও সুপ্রিমকোর্টের নিজস্ব সচিবালয় গঠন, শিক্ষা ব্যবস্থার সংস্কার, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন (সংকট উত্তরণ), ১৫/১৬ বছরের গুম-খুন-হত্যা, দুর্নীতিসহ সকল মানবতাবিরোধী অপরাধীর বিচার প্রক্রিয়া শুরু করা ইউনূস সরকারের কাছে জাতির অন্যতম চাওয়া। সর্বোপরি একটি স্বাধীন নিরপেক্ষ জবাবদিহিমূলক নির্বাচন কমিশন গঠনপূর্বক গ্রহণযোগ্য জাতীয় নির্বাচনের ব্যবস্থা করা অন্যতম কর্তব্য।

শান্তিতে নোবেলজয়ী জাতির গৌরব ড. ইউনূস বাঙালী জাতির অহংকার। পতিত সরকার না পারলেও বৈষম্যবিরোধী আন্দোলনের বীর মুক্তিকামী ছাত্র-জনতা তাকে উপযুক্ত মর্যাদায় ভূষিত করেছে। তিনিও তার দেশের সন্তানদের আহবান ফিরিয়ে দিতে পারেননি। আমাদের শ্রেষ্ঠ সন্তানদের যথোপযুক্ত শ্রদ্ধা ও সম্মান দিয়ে বিশ্বের বুকে নিজেকে একটি মর্যাদাবান সম্মানিত জাতি ও মুক্তচিন্তার দেশ হিসেবে পরিচিত করানোটা বড়ো প্রত্যাশা। যেসব ছাত্র-জনতা জীবন বাজি রেখে স্বৈরাচারমুক্ত করেছেন তাদের স্বপ্নকে ভূলুণ্ঠিত হতে দেয়া যায় না। এ মুহূর্তে ড. ইউনূসের নেতৃত্বের প্রতি জাতি একটি সমৃদ্ধ এবং শান্তিপূর্ণ বাংলাদেশ প্রতিষ্ঠার দিকে তাকিয়ে আছে। অগণিত শহীদের রক্তে ভেজা বাংলাদেশ ড. ইউনূসের হাত ধরে জাতি একটি নতুন দিগন্তে পৌঁছাবে, যেখানে গণতন্ত্র, ন্যায়বিচার এবং সুশাসন প্রতিষ্ঠা পাবে। আজকের দিনে এটাই আমাদের প্রত্যাশা।

লেখক: আইনবিদ, লেখক, কলামিস্ট, সুশাসন ও মানবাধিকার কর্মী।

ঐতিহাসিক ছাত্র-গণআন্দোলনের এক অভূতপূর্ব সাফল্য শান্তিতে নোবেলজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসকে দেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার পদে অধিষ্ঠিত করেছে। সমগ্র জাতি আজ তার নেতৃত্বের প্রতি গভীর আস্থা স্থাপন করেছে। তিনি ছাত্র-জনতার আশা-আকাঙ্ক্ষার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছেন। ফ্যাসিস্ট সরকারের দীর্ঘ দুঃশাসন-শোষণ, নির্যাতন, গুম-খুন-হত্যা, দেশ ও জনগণের সম্পদ লুণ্ঠন, বিপুল অঙ্কের অর্থ-সম্পদ বিদেশে পাচারসহ নানা অপরাধের বিচার এখন গণদাবিতে পরিণত হয়েছে। মানুষ ন্যায় এবং সাম্যভিত্তিক একটি রাষ্ট্র পাওয়ার আশায় বুক বেঁধেছে। বিশ্ব যাকে দেখলে দাঁড়িয়ে যায় আজ তিনি আমাদের প্রধান উপদেষ্টা। তিনি দারিদ্র্য বিমোচনের প্রবক্তা এবং দারিদ্র্যমুক্ত বিশ্ব গড়তে প্রতিশ্রুতিবদ্ধ। অন্তর্বর্তীকালীন সরকার প্রধান হিসেবে তার কাছে স্বাধীনতাপ্রিয় এই জাতির আশা-আকাঙ্খার শেষ নাই।

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূস ইতোমধ্যে প্রয়োজনীয় প্রতিটি ক্ষেত্রে সংস্কার ও সংশোধনের পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠন করেছেন ছয়টি সংস্কার কমিশন। নির্বাচন ব্যবস্থা, সংবিধান, বিচারব্যবস্থা, জনপ্রশাসন, দুর্নীতি ও পুলিশ প্রশাসন সংস্কারের লক্ষ্যে কমিশন গঠন করা হয়েছে। আশা রাখি, যুক্তিসঙ্গত সময়ে তিনি এসব সংস্কারে সফল হবেন। কমিশনগুলোকে তিন মাস সময়ের মধ্যে প্রতিবেদন প্রদানের জন্য সময় বেঁধে দেয়া হয়েছে। তবে এ মুহূর্তে আইন-শৃঙ্খলা পুনরুদ্ধার ও সংস্কারের বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিতে হবে। নচেৎ সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা বিঘ্নিত হবে।

ড. ইউনূসের প্রতি জাতির প্রত্যাশার মূল লক্ষ্য হলো একটি দুর্নীতিমুক্ত, বৈষম্যহীন ও স্বনির্ভর বাংলাদেশ গড়ে তোলা। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের রক্তাক্ত সংগ্রামের মধ্য দিয়ে যে পরিবর্তনের সূচনা হয়েছে, তা আজ ড. ইউনূসের নেতৃত্বে পূর্ণতা পেতে চলেছে। জাতি তার বলিষ্ঠ নেতৃত্বের প্রতি বিশ্বাস স্থাপন করেছে এবং সবাই তার নেতৃত্বে একটি সুখী, সমৃদ্ধ এবং বৈষম্যমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখছে। নোবেলবিজয়ী এ মানুষটির নাম এখন উচ্চারিত হয় শ্রদ্ধায়, আস্থায় এবং গভীর ভালোবাসায়।

বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আত্মত্যাগ, জীবন ও রক্তের বিনিময়ে দেশে সকল নির্যাতন, হয়রানি, অপমান ও হয়রানির অবসান হয়েছে ঠিক কিন্তু দীর্ঘ সময় রাষ্ট্রযন্ত্রে চেপে থাকা স্বৈরাচারের ভূত রাষ্ট্রযন্ত্রকে নানাভাবে অকার্যকর করতে উঁইপোকা, ঘুনেপোকার মতো বিধ্বংসী কর্মকা- চালাচ্ছে। ড. ইউনূস আজ সংকটময় পরিস্থিতিতে দেশেকে গণতন্ত্রে উত্তরণের লক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান হিসাবে দায়িত্ব লাভে আমরা অত্যন্ত আনন্দিত। আমরা আশাবাদী তিনি ব্যর্থ হবেন না, সফল হবেন। এই আস্থা ও প্রত্যাশা জাতির। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও তার নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকারের সামনে অনেকগুলো গুরুদায়িত্ব। এরমধ্যে রয়েছে: প্রথমত, জনমতের সঠিক প্রতিফলনে ধ্বংস হয়ে যাওয়া নির্বাচন ব্যবস্থা পুনর্গঠন সবচেয়ে জরুরি কাজ। এজন্য সার্বিক জরুরি সংস্কার অপরিহার্য। এ সংস্কার সাধনের জন্য তাকে প্রয়োজনীয় সময় ও সহযোগিতা দিতে হবে। তবে এ সময় দীর্ঘমেয়াদি হলে তাতে হিতে বিপরীত হতে পারে। তৃতীয় শক্তির উত্থান হতে পারে। নির্বাচনী পরিবেশ সৃষ্টির জন্য সকল দুর্নীতিবাজ, খুন, গুম, রাষ্ট্রীয় সম্পদ লুটেরাদের আইনের আওতায় এনে বিচারের সম্মুখীন করতে হবে। নইলে তাদের হাতে থাকা অঢেল অর্থ-সম্পদ রাষ্ট্রযন্ত্রকে ব্যর্থ করার কাজে ব্যবহৃত হবে। ন্যায়বিচারের স্বার্থে এসব কাজ দ্রুতায়িত করতে হবে। চিহ্নিত অপরাধীরা সকলের চোখ ফাঁকি দিয়ে কীভাবে দেশ ত্যাগ করে? এই প্রশ্ন জনগণের।

আমরা ড. ইউনূসের বলিষ্ঠ নেতৃত্বে বৈষম্যমুক্ত সুখী বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নের সাথে আছি, পুরো জাতিও তার সাথে থাকবে ইনশাআল্লাহ। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানও বলেছেন, অন্তর্বর্তীকালীন সরকারকে ব্যর্থ হতে দেওয়া যাবে না। অন্যদিকে জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানও একইভাবে বলেছেন, বহু শহীদের রক্ত ও ত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতাকে সুরক্ষিত করতে তাঁর দল ইউনূস সরকারকে সমর্থন দিয়ে যাবে। একই ঘোষণা গণঅভ্যুত্থানে নেতৃত্বদানকারী ছাত্র-জনতারও।

দ্বিতীয়ত, দুই মাসেরও কম সময়ের মধ্যে আইনের শাসন প্রতিষ্ঠায় ড. ইউনূসের প্রথম সফলতা হলো, গুমের বিরুদ্ধে আন্তর্জাতিক সনদে বাংলাদেশের পক্ষে তার স্বাক্ষর। এই সনদে স্বাক্ষর করার ফলে বাংলাদেশে রাষ্ট্রীয় বাহিনী দ্বারা পরিচালিত গুম-খুন বন্ধ হয়ে গেছে। এটি একটি বড়ো সফলতা। আমরা সবাই ড. ইউনূসের নেতৃত্বে একটি সুখী, সমৃদ্ধ এবং বৈষম্যমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখছি। এই স্বপ্ন বাস্তবায়ন করতে হলে রাষ্ট্রের অতীব গুরুত্বপূর্ণ ব্যবস্থাপনায় ব্যাপক সংস্কার আনতে হবে। সংস্কার প্রক্রিয়ার মধ্যে প্রয়োজন জবাবদিহিমূলক স্বাধীন বিচার ব্যবস্থা প্রতিষ্ঠা। বিগত সময়ে রাজনৈতিক প্রতিহিংসার শিকার বহু মানুষ বিচারিক হত্যাকান্ড ও বিচারবহির্ভূত হত্যাকান্ডের শিকার হয়ে জীবন দিয়েছে। এমন মেরুদন্ডহীন পদলেহী বশংবদ বিচার ব্যবস্থার মূলে কুঠারঘাত করতে হবে। রাষ্ট্রে সুশাসন ও আইনের শাসন প্রতিষ্ঠার মূল স্তম্ভ হলো স্বাধীন বিচার বিভাগ। এটি নাগরিকদের ন্যায়বিচার পাওয়ার অধিকার সুরক্ষিত করে এবং সরকার বা অন্যান্য ক্ষমতাশালীদের অবৈধ হস্তক্ষেপ থেকে মুক্ত রাখে। বিচার বিভাগের স্বাধীনতা ছাড়া গণতন্ত্রের প্রকৃত রূপ কার্যকর হয় না। বিচার বিভাগের উপর রাজনৈতিক হস্তক্ষেপ বন্ধ করে নাগরিকদের ন্যায়বিচার পাওয়ার অধিকার সুরক্ষিত করা এবং মানবাধিকারের নিশ্চয়তা প্রদান করা হবে ড. ইউনূসের আরেকটি প্রধান দায়িত্ব।

তৃতীয়ত, বিচারবহির্ভূত হত্যাকা- বন্ধে তদন্ত কমিশন গঠন। রাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানবাধিকারের পরিপন্থী কর্মকান্ড বন্ধ করতে হলে এই কমিশনের বিকল্প নেই। বিচারবহির্ভূত হত্যাকান্ডের বিচার নিশ্চিত করতে হলে স্বচ্ছ ও স্বাধীন তদন্ত কমিশন গঠন করতে হবে। এমন হত্যাকান্ড বন্ধে কঠোর আইন প্রণয়ন করতে হবে। রাষ্ট্রীয় উদ্যোগের মাধ্যমে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করা হলে আগামীতে মানবাধিকারের লঙ্ঘন রোধ করা সম্ভব হবে, যা ন্যায়বিচার প্রতিষ্ঠার পথকে সুগম করবে।

চতুর্থত, দেশের পুলিশকে বানানো হয়েছিল স্বৈরাচারের বশংবদ নির্যাতনের হাতিয়ার, তাদের হাতে তুলে দেয়া হয় খুন, নির্যাতনের ম্যান্ডেট, দেয়া হয় অঘোষিত ইনডেমনিটি, মানব হত্যার লাইসেন্স। বলা হতো, ‘মাছের রাজা ইলিশ, দেশের রাজা পুলিশ’। রাষ্ট্রীয় বাহিনীর হেফাজতে নির্যাতন ও খুন ছিল নিত্য নৈমিত্যিক। আয়নাঘর নামের নির্যাতন সেল পৃথিবীর ইতিহাসে সৃষ্ট স্বৈরাচারের নব্য ইতিহাস। স্বাধীন পুলিশ কমিশন গঠন। এই কমিশন গঠন করে পুলিশ বাহিনীকে দলীয় প্রভাবমুক্ত রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। গণতন্ত্র ও সুশাসনের জন্য পুলিশ কমিশন গঠন অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি আইনের শাসন প্রতিষ্ঠা, মানবাধিকার রক্ষা এবং স্বচ্ছ ও নিরপেক্ষ বিচার প্রক্রিয়া নিশ্চিত করতে সহায়ক হবে। দলীয় প্রভাব থেকে মুক্ত থাকলে পুলিশ বাহিনী জনগণের সেবা ও নিরাপত্তায় কার্যকরভাবে ভূমিকা রাখতে পারে, যা সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা নিশ্চিত করতে পারে। পুলিশের অপরাধের তদন্ত পুলিশ দিয়ে ন্যায়, বিকল্প সংস্থা গড়ে তুলতে হবে। কমিউনিটি পুলিশের মাধ্যমে ট্রাফিক সিস্টেম ও পরিবেশ উন্নয়নে শিক্ষার্থীদের মেধাকে কাজে লাগাতে পার্ট টাইম জব সিস্টেম চালুর করা যায়।

পঞ্চমত, স্বাধীন গণমাধ্যম কমিশন গঠন। সংবাদমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতকরণ এবং দলীয় প্রভাবমুক্ত রাখতে স্বাধীন গণমাধ্যম কমিশন গঠন অপরিহার্য। এই কমিশন গঠন হলে গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিৎ হবে। গণমাধ্যমের উপর সরাসরি বা পরোক্ষ রাজনৈতিক হস্তক্ষেপ বন্ধ করতে আইন প্রণয়ন করা সময়ের দাবি। সংবাদমাধ্যমে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ বা চাপ প্রয়োগ গণতান্ত্রিক পরিবেশকে ধ্বংস করে। সংবাদমাধ্যমের স্বাধীনতায় হস্তক্ষেপকারী আইনি কাঠামো সংস্কার করা জরুরি। এটি সংবাদমাধ্যমের কার্যক্রম পর্যবেক্ষণ করবে, কিন্তু রাজনৈতিক প্রভাব মুক্ত থাকবে। সাংবাদিকদের নিরাপত্তা ও মত প্রকাশের স্বাধীনতা রক্ষায় কঠোর আইন প্রণয়ন ও বাস্তবায়ন করা উচিত, যাতে সংবাদমাধ্যম সমাজের সঠিক চিত্র তুলে ধরতে পারে।

ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি জাতির প্রত্যাশা, সামরিক-বেসামরিক প্রশাসন এবং বিচার বিভাগের, প্রত্যেক স্তরে ঘাপটি মেরে বসে থাকা অসৎ, দুর্নীতিবাজদের টেনে বের করে তাদের স্থলে সৎ, মেধাবী ও দেশপ্রেমিক ব্যক্তিবর্গকে নিয়োগ দেওয়া এবং যার যার যোগ্যতা অনুযায়ী সম্মানের সাথে কাজ করে যাওয়ার পরিবেশ সৃষ্টি করা। রাষ্ট্র পরিচালনায় যারা নেতৃত্ব দেবে তারা সৎ হলে নিচের দিকে যারা কাজ করে তাদের অসৎ হওয়ার কোনো সুযোগ থাকে না। কারণ, বাংলাদেশের মানুষ দুটো জিনিসকে অসম্ভব ভালোবাসে এবং কখনোই হারাতে চায় না, তার মধ্যে একটি হলো প্রাণ অন্যটি চাকরি। এই দুটো হারানোর ভয় থাকলে প্রত্যেকেই একেকজন দেশপ্রেমিক হিসেবে গড়ে উঠবে। রাষ্ট্রের সকল পাচারকৃত অর্থ ফিরিয়ে এনে অর্থনৈতিক চাকা সচল করতে হবে।

যারা রাষ্ট্র পরিচালনায় নেতৃত্ব দেবেন তারা প্রত্যেকটা কাজের হিসাব জনগণকে দেবেন রাষ্ট্রীয় শ্বেতপত্রের মাধ্যমে। যদিও আয়তন হিসেবে রাষ্ট্রে জনসংখ্যা বেশি এটি মাথায় রেখে বেশি বেশি সংখ্যক দক্ষ-অদক্ষ মানুষ বিদেশে পাঠানোর সহজ ব্যবস্থা করতে হবে। যেসব রাষ্ট্র দ্রুত এগিয়ে যাচ্ছে তারা কীভাবে এগিয়ে যাচ্ছে সে বিষয়ে খোঁজখবর রাখতে হবে, এইক্ষেত্রে তরুণদের মেধা এবং শক্তির সর্বোত্তম ব্যবহারের ব্যবস্থা করতে হবে। এইভাবে চললে একটা সময় জনগণের অভিযোগ ১০% নেমে আসবে আর এই ১০% অভিযোগ গ্রহণ করার জন্য ওয়ান স্টপ সার্ভিস চালু করলে সাথে সাথে প্রতিকারের ব্যবস্থা করা যাবে। কেউ কোনো অন্যায় বা অপরাধ করে থাকলে কোনো ধরনের অজুহাত না দেখিয়ে সাথে সাথে পদত্যাগ করতে হবে। ষষ্ঠত, বেকারত্বের অবসানে তার ভূমিকা হোক যুগান্তকারী। ড. ইউনূস ভিক্ষাবৃত্তিকে ঘৃণা করেন। তিনি দানকে অর্থবহ করে তুলেন রিসাইক্লিং পদ্ধতির মাধ্যমে। সামাজিক ব্যবসায় দানকৃত অর্থ বহুগুণে বারবার ফিরে আসে আরও বেশি বিনিয়োগ শক্তি নিয়ে। ‘চাকরি নেব না, চাকরি দেব’ তার জনপ্রিয় শ্লোগান তরুণদের অনুপ্রাণিত করে। পরাজিত সরকার তাঁকে ***(বাকি অংশ বাঁ পাশে)***

ELECTION COMMISSION 2024

BANGLADESH SOCIETY INC.

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547
info@electioncommissionbds.com • www.bangladeshsocietyinc.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির নির্বাহী কমিটির ২০২৫-২৬ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী ও ৫টি কেন্দ্রের নির্ধারিত জিপকোড অনুযায়ী ভোটিং মেশিনের মাধ্যমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। এতে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

POLLING CENTERS WITH ZIP CODE

- **QUEENS: Gulshan Terrace (Dhaka Club), 59-15 37th Ave. Woodside, NY 11377**

10001, 10002, 10003, 10009, 10010, 10011, 10013, 10016, 10017, 10018, 10019, 10021, 10022, 10023, 10024, 10025, 10026, 10027, 10029, 10030, 10032, 10034, 10035, 10036, 10037, 10038, 10039, 10069, 10118, 10128, 10280, 11101, 11102, 11103, 11104, 11105, 11106, 11107, 11108, 11109, 11322, 11347, 11354, 11355, 11356, 11357, 11358, 11363, 11366, 11367, 11368, 11369, 11370, 11371, 11372, 11373, 11374, 11377, 11378, 11379, 11396, 11473, 91020, 20155, 14220, 14210, 06890, 06040, 20121, 14221, 14225, 10550, 12209, 13850, 11783, 07631, 14206, 10520, 11724, 11738, 78665, 48015, 14208, 14218, 10099, 10552, 14216

- **OZONE PARK: Muna Center of New York, 8050 Pitkin Ave., Ozone Park, NY 11417**

11417, 11416, 11420, 11208, 11207, 11415, 11419, 11421, 11418, 11414, 14116, 11471, 14115, 11239, 11692, 11385, 22414

- **BROOKLYN: P.S. 179 - 202 Avenue C Brooklyn, NY 11218**

11216, 11204, 11218, 11230, 11236, 10314, 11203, 11691, 11219, 11214, 11234, 11224, 11226, 10310, 11232, 11228, 11238, 11213, 11210 11206, 11209, 10303, 11221, 11215, 11212, 11211, 10312, 11205, 11672, 11235, 11233, 11201, 14221, 11217, 11298, 14208, 2121, 11248 11220, 21207, 11321, 11229, 11270, 12218, 10301, 11231, 11693, 11223, 10305, 12208, 1126, 11818, 112226, 11318, 112219, 111208

- **BRONX: Golden Palace, 14-51 Union Port Road, Bronx, NY 10462**

10460, 10462, 10458, 10468, 10467, 10461, 10470, 12603, 06033, 10954, 07055, 10453, 10473, 10707, 10962, 10485, 10472, 10605, 10465 10583, 10451, 11803, 10543, 10452, 10469, 06605, 10640, 1046, 19115, 10459, 07508, 07666, 10457, 07522, 07604, 10463, 07631, 08807, 11462, 06902, 02140, 10466, 10455, 467, 06401, 07424, 16462, 08879, 10456, 10642, 07502, 10704, 06461, 06040, 10705, 10801, 10708, 10701, 08043, 08554, 19152, 08401, 11510, 06810, 11467, 10416, 11472, 10065, 07072, 07013, 10672, 06769, 10743, 10482, 11452, 08081, 06759, 10474, 10552, 07513, 07524, 14215, 08854, 07410, 10488, 06042, 19111, 07470, 10454, 10471, 07306, 17882, 10710, 1976, 10742, 10400, 10432, 10762, 10475, 08406, 10700, 06095, 1979, 07501, 060462, 1060, 10470

- **JAMAICA: Ikra Party Center, 89-16 175th Street, Jamaica, NY 11432**

11432, 11423, 11542, 11365, 11040, 11412, 11433, 11435, 11767, 11428, 11598, 11746, 11753, 11784, 11411, 11426 ,11429, 11175, 11590, 11553, 11756, 11436, 11714, 11791, 11566, 11801, 11545, 11001, 11729, 11576, 11747, 11003, 11366, 11596, 11153, 11710, 11554, 11568, 11364, 11434, 11375, 11427, 11361, 11720, 11550, 11530, 11004, 11706, 11580, 11520, 11422, 11581, 11432, 11510, 11430, 11343, 11741, 11565, 11412, 11342, 11010, 11779, 11738, 11776, 11752, 11413, 11113, 10435, 11572, 11733, 11735, 2055, 11501, 11788, 11433, 11424, 11437, 114434, 11432, 22040, 11716, 14433, 11345, 11744, 11798, 11081, 11763, 11425, 11333, 11562, 11704, 11766, 114133, 11406, 11471, 1186, 11575, 11536, 11731

1. No voter will be allowed to cast his or her vote without photo ID. The following forms of identification may be accepted: Driver's License, State ID, NYC ID, Green Card, Work Authorization Card and Passport.
2. Campaigning, placement of posters, banners or distribution of flyers etc. are prohibited within 200 ft. of the polling area. Commission will remove poster/banner within this area and may back charge to the related candidate(s).
3. No radio speaker or any noise-making devices will be allowed in the vicinity of the polling area.
4. In the event of any unauthorized and unlawful conduct by any candidate or any other person in the election center on the Election Day, the local law enforcement agency will be notified immediately.
5. Only Disabled with wheelchair voter may nominate one assistant to cast his/her vote.
6. No candidate will enter to the center without Commission's permission. Candidate may check the center one time for a period of max.10 minutes. If malfunction of voting machine is detected the candidate will be allowed to check.
7. Life members may get access to voting center directly by showing LM CARD to cast their vote.
8. Voters of one center cannot cast vote in another center (including candidates/life members/polling agent). Only presiding officer, polling officer will be allowed to cast their votes at their working center.
9. Each Voter's Name & Year of Birth on the Photo ID must match with the Name & Year of Birth on the voter list.
10. The Election Commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

নির্বাচনের তারিখ: ২৭শে অক্টোবর, ২০২৪ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা)

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

Election Commission 2024 / নির্বাচন কমিশন ২০২৪

S.M. Jamal U. Ahamed (Jony)	Mohammed A. Hakim Miah	Mohammed Anwar Hussain	Mohammed A. Mannan	Mohammed Helal Uddin	Mehboobur Rahman (Badal)	Ahbab Chowdhury
Chief Election Commissioner	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*
718 288 3838	*347 332 3653*	*347 429 5932*	*646-752-5385*	*917-660-4668*	*347-993-6461*	*917-969-1991*

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Timothy Bompart
Attorney at Law
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

GLOBAL MULTI SERVICES, INC



অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



তারেক হাসান খান, সিইও
37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক

বিশেষ ঘোষণা

ভোটার নিবন্ধন করার তারিখ এবং সময়সূচী :

২৮ সেপ্টেম্বর — শনিবার দুপুর ১টা থেকে রাত ৯টা পর্যন্ত

এবং

১০ অক্টোবর — বৃহস্পতিবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত

কোথায় ভোটার নিবন্ধন করতে পারবেন জেনে নিন
Vote.NYC
থেকে অথবা কল করুন
866-VOTE-NYC
এবং নিকটস্থ ঠিকানা খুঁজে নিন !

২৬ অকেটাবর, ২০২৪ থেকে ৩ নভেম্বর, ২০২৪
অগ্রিম ভোট গ্রহণ করা হবে।

৫ নভেম্বর, ২০২৪
নিবাচন অনুষ্ঠিত হবে।

আমরা চাই আপনি নিবাচন কর্মী হিসাবে আমদের সাথে কাজ করুন।
Pollworker.vote.nyc

VOTE NYC

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

212-691-4343

seemagulianiesq@gmail.com

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা মাসিক পত্রিকা বিক্রি করি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

(শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।
নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

আওয়ামী লীগের রাজনৈতিক দেউলিয়াত্ব-।

(শেষ পাতার পর) এত যুদ্ধবিগ্রহ ৩০ লক্ষ ২ লক্ষের কোন ব্যপারই ঘটতো না। নেতা পাকিস্তান ভাঙার দায় নিতে চাইলেন না, এমনকি তাকে রাষ্ট্রদ্রোহিতার দায়ে যেন অভিযুক্ত না করা হয় সে জন্য শুধু ২৭তারিখে একটা হরতাল ডাকলেন। হানাদাররা পাকিস্তানে নিয়ে গেলো। দিক নির্দেশনাহীন নেতা-কর্মীরা ভারত গিয়ে উঠলেন। সেটা না হয় উপায় ছিল না, আমরা সবাই গেছিলাম। স্বাধীনতার যুদ্ধ।
'৭৫এর ১৫ই আগষ্ট ক্ষমতার পট পরিবর্তন হলো। একদল নেতা লাশ মাড়িয়ে গিয়ে মন্ত্রী হলো। কয়েকজন জেলে গেলেন। বাকিরা আবার ভারত! '৭৮ সালে জিয়াউর রহমানের বদান্যতায় রাজনীতি শুরু করে এক বছরের মধ্যেই ভাঙন। নেতৃত্ব নিয়ে কামড়াকামড়ি যখন আর এক দফা ভাঙনের উপক্রম ঘটালো ভারত থেকে এসে শেখ হাসিনা কোন রকমে সামাল দিলেন। কিছুদিনের মধ্যে ঠিকই ভাঙলো। হলো তিন টুকরা। আওয়ামী লীগ (হা) আওয়ামী লীগ (রা) আওয়ামী লীগ (মি)। হা-তে হাসিনা রা-তে রাজ্জাক মি-তে মিজান। লোকে রস করে বলতো আওয়ামী লীগ (হা-রা-মি)! যাই হোক, শেখ হাসিনা শেষ পর্যন্ত ভাঙা টুকরাগুলাকে জোরা লাগিয়েছিলেন। ২১ বছর পর '৯৬এ সরকার গঠন করে টার্মটা কাটলো মোটামুটি। ২০০৮এ এসে একেবারে চীরস্থায়ী বন্দোবস্তের ব্যবস্থা। এরপর টানা সাড়ে পনের বছর। '২৪ সালে ছাত্র-গনআন্দোলনে উৎখাত হয়ে আবার ভারত!
দেখা যাচ্ছে ভারত হচ্ছে আওয়ামী লীগের পছন্দের বা নির্ভরতার জায়গা। □শেষ গন্তব□্য, শেষ ভরষা। কি লজ্জার কথা, লোকে যখন বলে 'ভারতের দালাল', দলের লোকজন কেউ মুখ ফিরিয়ে অন্য দিকে তাকায়, কেউ কানে কম শোনে, বেকুব টাইপের যারা দাঁত কেলিয়ে হাসে! আমি আজ পর্যন্ত আওয়ামী লীগের কোন পর্যায়ের নেতা বা কর্মীকে প্রকাশ্যে বলতে শুনি নাই, না আমরা ভারতের দালাল না! কি একটা রাজনীতি! ক্ষমতায় আসতে ভোট লাগে না, সরকার চালাতে পাবলিকের ধার ধারতে হয় না, ভারত ক্ষমতায় আনে ক্ষমতায় রাখে, সব বালা মুসিবত সামাল দেয়! বলা হয় দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব বিনষ্টকারি। শুধুমাত্র ক্ষমতায় থাকা এবং ক্ষমতায় থেকে অবাধ লুটপাট চালানোর জন্য দেশের স্বার্থ অন্যের হাতে তুলে দিতেও দ্বিধা করে না। তারপরও সামান্যতম লাজ শরমের বালাই নাই!
আসলে শেখ হাসিনা দলকে কোন দলের পর্যায়ে রাখেন নাই। সরকার এবং রাষ্ট্রে একক প্রভুত্ব কায়েম করে নিজেকে ইশ্বরের পর্যায়ে নিয়ে গেছিলেন। কুন ফায়াকুনের মত তিনি যা বলতেন তাই হতো। দলে নেতা বলতে তিনি একাই ছিলেন। বাকিরা কর্মচারি চাকরবাকর কাজের লোক। যে যেভাবে পারে টাকা বানানোর ওজিএলপ্রাপ্ত বা সামান্য খুদকুড়ে উচ্ছিষ্টের লোভে এইসব সুবিধাভোগীদের কাজ ছিল নিয়ত: তার বন্দনা করা, মুখনিসৃত: আদেশ হুকুম তামিল করা। তিনি সরকার এবং রাষ্ট্রকে যেমন এক করে ফেলেছিলেন, দলকে কুক্ষিগত করে এর পৃথক সত্বাই মুছে দিয়েছিলেন। আওয়ামী লীগ মানেই শেখ হাসিনা। অবস্থাটা এমন দাঁড়িয়ে যায়, শেখ হাসিনা আছে তো আওয়ামী লীগ আছে, শেখ হাসিনা নাই আওয়ামী লীগও নাই। স্বৈরাচাররা কখনও নিজের সেকেন্ডম্যান রাখে না। শেখ হাসিনাও রাষ্ট্রে সরকারে দলে তার কোন বিকল্প তৈরী করেন নাই। কাউকে হতে দেন নাই। এরশাদকাল পর্যন্ত রাষ্ট্রের একজন উপরাষ্ট্রপতি ছিলো। তিনটা উপপ্রধানমন্ত্রী থাক□তো। সিটি কর্পোরেশনে তিনটা ডেপুটি মেয়র ছিল। '৯১এ বেগম জিয়া সরকার গঠন করে এই উপ'র পদগুলি বাতিল করে দেন। শেখ হাসিনা এই ধারাবাহিকতা বজায় রাখেন। ক্ষমতা কুক্ষিগত করে রাখা কাউকে শেয়ার না করার প্রশ্নে দুই নেত্রীর বেজায় মিল ছিল। শেখ হাসিনা দলেও কখনও কোন উপযুক্ত পরিক্ষীত বা যোগ্য লোককে গুরুত্বপূর্ণ জায়গায় বসান নাই। ওবায়দুল কাদেরের মত বুদ্ধি প্রতিবন্ধী হাসাও মামুর মত ফালতু লোক, কোথাকার গোলাপ হানিফ নানক হয়ে যায় গুরুত্বপূর্ণ নেতা। অথচ তোফায়েল আহমদের মত অভিজ্ঞ রাজনীতিকরা বসে থাকেন সাইডলাইনে। শেখ হাসিনা যেভাবে চেয়েছেন দল সাজিয়েছেন, চালিয়েছেন। আজ শেখ হাসিনা নাই, দলও নাই। শেখ হাসিনা পালিয়েছেন দলও পালিয়েছে!
আজ দুই মাসের বেশী সরকার পতন হয়েছে, এর মধ্যে কোন একজন নেতাকে প্রকাশ্যে এসে দলের হয়ে দুইটা কথা বলতে দেখা গেল না। এরশাদ নয় বছর সরকার চালিয়েছিলেন। *(বাকি অংশ ২৮ এর পাতায়*

এক স্লিপ

(শেষ পাতার পর) জনসভা'রও আয়োজন হচ্ছে। প্যানেল দু'টির 'নির্বাচনী ইশতেহার' আর 'নির্বাচনী জনসভা' শব্দ ব্যবহার দেখে সোসাইটির নির্বাচন বাংলাদেশের 'জাতীয় নির্বাচন'-এর রূপ নিয়েছে। কেউ কেউ বলেন, বাংলাদেশ সোসাইটি নাকি প্রবাসে দেশের 'মিনি পার্লামেন্ট'। এসব শব্দ প্রয়োগ নিয়ে সচেতন প্রবাসীদের মিশ্র আলোচনা লক্ষ্য করা গেছে। নির্বাচনী সভা-সমাবেশগুলোতে যোগদান শেষে হোটেল-রেস্তোরাগুলোতে চায়ের আড্ডায় সচেতন প্রবাসীরা এসব বিষয় নিয়ে আলোচনা ও সমালোচনা চলছে।
১৩ অক্টোবর ২০২৪

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিস্ট্যান্ট
কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি. — বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম — পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি. — বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার
Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services
Tax
Accounting
Immigration
বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
Tax Amendment/ITIN
সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ
Shafi Chowdhury
Consultant
167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের ইউনাইটেড স্টেটস অব আমেরিকার স্বাধীনতা দিবসের শুভেচ্ছা। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

অক্টোবর ২০২৪ ভিসা বুলেটিন:

ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) অক্টোবর ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে পারিবারিক ভিত্তিতে ২০২৪-এর ভিসা বুলেটিন এর প্রাপ্যতা উল্লেখ করা হলো:

উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট হচ্ছে সেই ডেট যখন ইউএসসিআইএস/ডিওএস তাদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে। তারপর আপনার প্রায়োরিটি তারিখ হবে তার পূর্বে। অক্টোবর ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি দেখা যাচ্ছে না।

ফ্যামিলি স্পন্সর অগ্রাধিকার

প্রথম: (এফ-১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা: অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ২এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা ২১ নিম্ন বা তদুর্দ্ধ বয়সী: মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা: এপ্রিল ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন: আগস্ট ০১, ২০০৭।

এ বিষয়ে বিস্তারিত জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

নতুন আইন, ফরম আই-১৩১ এর অধীনে সবার জন্য সন্তানদের আবেদনঃ

* সন্তানদের জন্মসনদ, পাসপোর্ট এবং দত্তক নেয়ার ডিক্রির সনদ (সন্তানটি দত্তক নেয়া হয়)

পিতা-মাতার বিবাহের সনদ (বিয়ে অবশ্যই হতে হবে ১৭ জুন, ২০২৪ এর পূর্বে)

* ১৭ জুন, ২০২৪ পর্যন্ত সন্তানের ইউএসএ অবস্থানের প্রমাণপত্র।
* আবেদনের যথাযথ ফি।

প্যারোল ইন প্লেস এর আবেদনের ফরম আই-১৩১ এফ এর জন্য প্রয়োজনীয় আবেদনপত্রঃ

আই-১৩১ এফ এর জন্য যেসব ডকুমেন্ট দিতে হবেঃ

* বৈধ পাসপোর্ট।
* জন্ম সনদ
* ড্রাইভার্স লাইসেন্স /স্টেট আইডি
* বিয়ের সনদ
* স্বামী/স্ত্রীর ইউএসএ'র নাগরিকত্বের প্রমাণ-

ইউএসএ'র নাগরিকত্ব/ ইউএসএ'র জন্মসনদ/ইউএস পাসপোর্ট।

* দুই কপি ছবি।
* আবেদনের ফি।

১৭ জুন, ২০২৪ এর পূর্বে ইউএসএ বসবাসের প্রমাণ:

যেমনঃ

* ইউএসএ জন্ম নেয়া সন্তানদের জন্ম সনদ
* ব্যাংক লেনদেনের রেকর্ড
* ট্যাক্স রিটার্ন
* মেডিকেল রেকর্ড
* ইউটিলিটি বিল।
* মেইল
* ড্রাইভার্স লাইসেন্স/স্টেট আইডি, টাইটেল এবং গাড়ির রেজিস্ট্রেশন, লিজ, ভাড়ার রশিদ, ডিডস্, মর্টগেজ, চুক্তিনামা।
* ইন্সুরেন্স পলিসি।



নিউইয়র্ক থেকে আকবর হোসেনের প্রশ্নঃ

আমি একজন ইউএস সিটিজেন। আমি আমার ইউএস সিটিজেন স্ত্রীর মাধ্যমে সিটিজেনশীপ লাভ করেছিলাম। কিন্তু দূর্ভাগ্যবশত আমাদের এই বিয়ে টিকে নাই। আমাদের ডিভোর্স হয়ে গেছে। তারপর আমি বাংলাদেশে গিয়ে বিয়ে করেছি। আমার স্ত্রী এখনো বাংলাদেশে আছে। আমি তার জন্য আবেদন করতে চাচ্ছি। কিন্তু আমার জানার বিষয় হচ্ছে আমার বাংলাদেশে বসবাসকারী স্ত্রীর জন্য আবেদন করলে কোন সমস্যার সৃষ্টি হবে কিনা?

এ ব্যাপারে আপনার পরামর্শ কামনা করছি।

আকবর হোসেনের প্রশ্নের উত্তরঃ

আপনাদের বিয়েটা প্রকৃত বিয়ে ছিলো কিন্তু বিয়েটা টিকে নাই। আপনার তথ্যপ্রমাণ দিয়ে প্রমাণ করতে হবে যে এই বিয়েটা প্রকৃত বিয়ে। যেমন আপনাদের বিয়ের ছবি এবং আপনার স্ত্রীর মধ্যে যেকোনো ধরনের যোগাযোগের প্রমাণ। আপনাদের ভ্রমণের টিকিটের কপি। হোটেল এ অবস্থান করলে ভাড়ার রশিদ ইত্যাদি এসবের প্রমাণ বহন করে। আপনার স্ত্রীর জন্য আবেদন করতে নিম্নে তথ্যপত্রের প্রয়োজন।

(১) ম্যারেজ সার্টিফিকেট, (২) ডিভোর্স লেটারের কপি, (৩) সিটিজেনশিপের কপি, (৪) আপনার এবং আপনার স্ত্রীর দুই কপি করে ছবি এরপর এফিডেফিট অফ সাপোর্টের জন্য লাগবে নিম্নের তথ্য পত্র:

(১) ট্যাক্স রিটার্ন (ডব্লিউ-২ ফরম),
(২) জব লেটার,
(৩) ব্যাংকের চিঠি,
(৪) সিটিজেন শীপের কপি।

ইমিগ্রেশনে ফরম সম্পূর্ণভাবে পূরণ করার পরেই কেবল কেস শুরু হতে পারে। সাম্প্রতিক ভার্সনে ফরম পূরণ করা হচ্ছে। ইউএসসিআইএস'র ওয়েবসাইট থেকে ফর্মটি নেয়া হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতে হবে। ফার্মটি সঠিকভাবে পূরণ করতে হবে। ফরম পূরণের ক্ষেত্রে প্রত্যেক ফরমে নির্দেশাবলী দেয়া থাকে। প্রয়োজনীয় ডকুমেন্টস তালিকা অনুযায়ী দিতে হবে। প্রত্যেক ফরমের সাথে প্রসেসিং ফি লাগবে। সঠিক ফি প্রদান করলে তবেই ইমিগ্রেশন আপনার আবেদন গ্রহণ করবে।

ইমিগ্রেশন মেইলেও আবেদন গ্রহণ করছে। অনলাইনেও আবেদন করা যায়। সঠিক ঠিকানায় মেইল করতে হবে। সত্যি ঠিকানা এবং সঠিক ফি না হলে আবেদন ফেরত আসবে।

এ ব্যাপারে আমাদের পরামর্শ হচ্ছে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সঙ্গে এ ব্যাপারে আলোচনা করা ভালো। প্রয়োজনে চূড়ান্ত সিদ্ধান্ত নেবার আগে বিশেষজ্ঞের সাথে আলোচনা করে অগ্রসর হলে ভুল পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত বিরত থাকা যায়।

এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে আলোচনা করতে পারেন যিনি আপনাকে সার্বিক পরিস্থিতি বিবেচনায় পরামর্শ দিতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল: kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

গুজব-গুঞ্জনের হাওয়ায় দেশ

(প্রথম পাতার পর) মুহাম্মদ ইউনূসের পদত্যাগ নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজবটি ছড়িয়ে পড়ে। দেশে ৮ অক্টোবর রাতে এ গুজবটি ছড়িয়ে পড়ে এবং একাধিক আইডি ও পেইজের বিভিন্ন গণমাধ্যমের নিউজের প্লে-কার্ডে ছবি বসিয়ে এডিট করে দাবি করা হয় সেনাবাহিনীর চাপে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের পদত্যাগ করেছেন। এমনকি এসব আইডি ও পোস্টে একাধিক ভিডিও পোস্ট করে 'গুজব' ছড়ানো হয় যে প্রধান উপদেষ্টার বাসভবন ঘিরে রেখেছে সোনবাহিনী।

মুফাসসিল ইসলাম নামক একটি অ্যাকাউন্ট থেকে পোস্ট করা হয় যে প্রধান উপদেষ্টা, সেনাপ্রধান ওয়াকার-উজ-জামানকে পরিবর্তন করার একটি পরিকল্পনা করেছিলেন এবং পরবর্তীতে সেনাপ্রধান তা জেনে যান। "এটা নিয়ে সেনাপ্রধান ও ইউনূসের মাঝে ভালোমন্দ অনেক কথাবার্তা হয়েছে।রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ড. ইউনূসকে ঘিরে সেনাবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের রূদ্ধশ্বাস বৈঠক চলছে। বিক্ষুব্ধ আর্মি অফিসাররা ইউনূসকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করছেন"।

এমন গুজবটি ছড়িয়ে পড়ে। পক্ষে বিপক্ষে এ নিয়ে শুরু হয় ব্যাপক জল্পনা-কল্পনা। কিন্তু এমন দাবির কোনও সত্যতা খুঁজে পাওয়া যায়নি। এটিকে গুজব বলে চিহ্নিত করেছে ফ্যাক্টচেকিং প্রতিষ্ঠানগুলোও।

এর দুইদিন আগে সামাজিক যোগাযোগ মাধ্যমে আরেকটি 'গুঞ্জন' ছড়িয়েছে যেখানে বলা হয়- বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত থেকে সংযুক্ত আরব আমিরাতের দুবাইতে অবস্থান করছেন। এ বিষয়টির সত্যতা নিশ্চিত করে ভারতীয় একাধিক গণমাধ্যমের সূত্রও ব্যবহার করা হয়েছে। এ গুঞ্জনে বাংলাদেশের মানবজমিন, জনকণ্ঠ, কালেরকণ্ঠসহ একাধিক গণমাধ্যমও অনুমান নির্ভর তথ্যের ভিত্তিতে শেখ হাসিনা ভারত থেকে সংযুক্ত আরব আমিরাতের অবস্থান করছেন এমন সংবাদ প্রকাশ করে। যদিও তাদের সে তথ্যের বিশ্বস্ত সোর্স কিংবা সূত্র প্রকাশ করেনি। কিন্তু এই গুঞ্জনেরও কোনো সত্যতা মেলেনি। বরং একাধিক ভারতের একাধিক সরকারি কর্মকর্তারা এমন তথ্য 'ভিত্তিহীন' বলে জানিয়েছেন এবং শেখ হাসিনা ভারতে আছেন বলে দাবি করেন। ৫ আগস্টের পর ভারতের কিছু গণমাধ্যমও মনগড়া তথ্যের ওপর ভিত্তি করে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের দাবি করে একাধিক প্রতিবেদন প্রকাশ করে। কিন্তু আন্তর্জাতিক একাধিক গণমাধ্যমের অনুসন্ধানে এমন খবরের ভিত্তি ও সত্যতা পাওয়া যায়নি।

তথ্যমতে, গত ৮ আগস্ট বাংলাদেশে অন্তবর্তী সরকার দায়িত্ব নেয়ার পরপরই, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাধান্য পায় ঘরে ঘরে ডাকাতির খবর। আগের রাত জাগা ছবি টাইম লাইনে রেখে ছড়ানো হয় গুজব। এই রেশস কাটতে না কাটতেই মন্দির ভাংচুরের খবর ছড়িয়ে পড়ে ফেসবুক থেকে ফেসবুকে। একই সূত্রে পাশ্ববর্তী দেশের পুরনো ছবি কালার গ্রাফিক্স করে ছড়িয়ে দেয়া হয় সামাজিক যোগাযোগ মাধ্যমে। এসব খবর আবার ভারতীয় গণমাধ্যম বিশেষ করে আর বাংলা টিভি ও টিভি নাইন। এসব খবরে ব্যাপক নেতিবাচক প্রভাব পড়ে। পরবর্তীতে ফ্যাক্ট চেক ও স্কানারে এসব খবরের অস্তিত্ব পাওয়া যায়নি। এর মাঝে কুমিল্লা ও এর পাশ্ববর্তী জেলাগুলোতে শুরু হয় বন্যার। বন্যার পানির মতোই, গুজবের স্রোতে তলিয়ে যায় সামাজিক যোগাযোগ মাধ্যমের টাইমলাইন। বিভিন্ন দেশের বন্যা, বাংলাদেশের পূববর্তী বন্যা এমনকি পূর্বে তোলা বিশেষ কিছু মুহূর্তেও ছবিকেও বন্যার ভয়াবহতা রুপে তুলে ধরতেও পিছ পা হয়নি গুজবধারীরা। এডিটেড ছবির সাথে বিভিন্ন উপদেষ্টার ছবি দিয়ে একাধিক গুজবের ছবি ঘুরেছে অর্ন্তজালে। এছাড়াও টাইম ম্যাগাজিনের ভুয়া সূত্র ধরে ৩২০৪ জন পুলিশকে হত্যার গুজব ছড়ানো হয়েছিলো। মহিলাদেও হিজাব পড়া নিয়ে হেফাজত নেতা মামুনুল হকের বক্তব্য বিকৃতি কওে ছড়িয়ে দেযা হয়েছিলো ফেসবুকে। জাতীয় সংগীতের পরিবর্তে সূরা ফাতিহার পড়ার খবরটিও ফ্যাক্ট স্কানারে গুজব বলে প্রতীয়মান হয়েছিলো। শেখ হাসিনা পরিবারকে বাদ দিয়ে আওয়ামী লীগের নেতৃত্বে আসছেন সাবেক রাষ্ট্রপতি আব্দুল হামিদ ও সোহেল তাজ- এমন গুজবে দেশব্যাপী ব্যাপক আলোচনা সমালোচনা হয়। জাতিসংঘের সাধারণ অধিবেশনে ৯৪ দেশের রাষ্ট্রপ্রধান শেখ হাসিনাকে বৈধ বলে ঘোষণা দিয়েছেন এমন গুজবও কিছুদিন আগে ছড়িয়ে পড়ে ফেসবুকে। আর যমুনার অস্থিরতা ও প্রধান উপদেষ্টার পদত্যাগের গুজবে মঙ্গলবার সারাদিন-রাত সরগরম ছিলো বিভিন্ন ফেসবুকের আইডি ও পেইজ। সাইবার মনিটরিং, ফ্যাক্ট চেকিং পলিসি ও ফ্লাগিং প্রসেস কাজ না করায়, গুজবের ডালপালা বাড়ছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। তবে সাইবার ইউনিট বলছেন, তাদের মনিটরিং অব্যাহত রয়েছে।

এদিকে তথ্য প্রযুক্তিবিদ সুমন আহমেদ সাবিরের মতে, গত দু'মাসে বাংলাদেশে গুজবের পরিমাণ বেড়েছে ।

গুজব বৃদ্ধির কারণ চিহ্নিত করে তিনি, "দীর্ঘসময় বাংলাদেশের মানুষ বাকস্বাধীনতা পায়নি এবং গণমাধ্যমগুলো স্বাধীনভাবে কাজ করতে পারেনি। তখন সাধারণ মানুষ নিয়মিত গণমাধ্যমের ওপর আস্থা হারিয়েছে। এই দীর্ঘ সময়ে তথ্যের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমের ওপর মানুষের নির্ভরতা বেড়েছে। এ কারণেই মানুষ সামাজিক যোগাযোগ মাধ্যমে যা দেখছে, সেটিকেই বিশ্বাস করতে চাইছে।

তিনি বলেন, "পাঁচই অগাস্টের আগেও পক্ষে-বিপক্ষে নানান ধরনের গুজব ছিল। তবে, যে গোষ্ঠী আন্দোলনের বিপক্ষে ছিল, তারা হঠাৎ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেক বেশি সক্রিয় হয়ে উঠেছে জানিয়ে তিনি বলেন, "যারা দেশে অস্থিরতা চাচ্ছে, তারা গুজব ছড়াচ্ছে।"

Bismillahir Rahmanir Rahim

REYAZUL JANNAH ISLAMIC CENTER INC.
রিয়াজুল জান্নাহ্ ইসলামিক সেন্টার ইন্ক (মসজিদ)
107-23 157th Street, Jamaica, NY 11433 | Email: RJICmosque2014@gmail.com | Tax ID No. 47-377-7949

জরুরী
ফান্ডরাইজিং
ডিনার
সংস্কার, বর্ধিতকরণ এবং
লোন পরিশোধের জন্য
$১৫০,০০০



প্রিয় ভাই ও বোনেরা, আসসালামু আলাইকুম।

আল্লাহর অশেষ মেহেরবানীতে আমাদের মসজিদের ১ম ফান্ডরাইজিং অনুষ্ঠানে আপনাদের জানাচ্ছি সাদর আমন্ত্রণ। আপনারা জানেন আমরা এক ফ্যামিলি একটি বাড়ী ক্রয় করে মসজিদের কার্যক্রম চালিয়ে আসছি। এমতাবস্থায় বাড়ীটির ফ্লোর সংস্কার করে মসজিদের আদলে আনা অতি জরুরী। পুরোনো বাড়ী বিধায় মসজিদের ছাদ ও অজুখানা প্রতিস্থাপন করা সময়ের দাবী। জুম্মার নামাযে মুসুল্লীদের স্থান সংকুলান হচ্ছেনা বিধায় জরুরী ভিত্তিতে মসজিদের সম্প্রসারন করা প্রয়োজন। এছাড়াও মসজিদের ঋণবাবদ ৭৫,০০০ ডলার পরিশোধ করা অত্যন্ত জরুরী।

মসজিদের উপরোক্ত সমস্য নিরসনকল্পে আপনাদের আর্থিক সহায়তা ও অনুদানের জন্য আকুল আবেদন জানাই।

বিশেষ অতিথি
- মাওলানা মির্জা আবু জাফর বেগ
  ইমাম ও খতিব, জেএমসি
- মুফতি মুহাম্মদ আব্দুল মালেক
  খতিব, পোর্ট ওয়াশিংটন মসজিদ
- হাফেজ মাও. মোঃ শফিকুল ইসলাম
  ইমাম ও খতিব, রিয়াজুল জান্নাহ্ মসজিদ

তারিখ
শুক্রবার, অক্টোবর ১৮, ২০২৪
সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা

স্থান
তাজমহল রেস্টুরেন্ট এন্ড পার্টি হল
১৪৮০১ হিলসাইড এভিনিউ, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

এ.কে.এম নূরুল হক
সভাপতি
৯১৭-৯১৬-৩১৩৩

আলহাজ্ব আমিরুল ইসলাম
সেক্রেটারী
৩৪৭-২৮২-৯৭৪৭

Zelle

Check Payable to REYAZUL JANNAH ISLAMIC CENTER INC. Zelle PayPal RJICmosque2014@gmail.com

বাংলাদেশের সংস্কার উদ্যোগের প্রতি

(শেষ পাতার পর) বহুপাক্ষিকতার প্রতি বাংলাদেশের অঙ্গীকার এবং জাতিসংঘের সাথে বাংলাদেশের সহযোগিতামূলক নানাবিধ প্রচেষ্টার বিষয়সমূহ উঠে আসে। 'জুলাই-আগস্ট' বিপ্লবের আকাঙ্খা বাস্তবায়নে জাতিসংঘের সমর্থনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ অভিহিত করে, এ সমর্থনের জন্য ডিকার্লোকে ধন্যবাদ জানান পররাষ্ট্র সচিব মোঃ জসিম উদ্দিন।

বৈঠকে তাঁরা জাতিসংঘের শান্তিরক্ষা ও শান্তি বিনির্মাণ কার্যক্রমে বাংলাদেশের অবদান এবং দীর্ঘস্থায়ী রোহিঙ্গা সংকট বিষয়েও আলোচনা করেন। এসময় পররাষ্ট্র সচিব জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমের উর্ধ্বতন নীতি নির্ধারণী পর্যায়ে বাংলাদেশী নাগরিকদের প্রতিনিধিত্ব বাড়ানোর জন্য আন্ডার সেক্রেটারি-জেনারেলকে অনুরোধ জানান। রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনায়, পররাষ্ট্র সচিব রোহিঙ্গা সংকট সমাধানে বৈশ্বিক মনোযোগের পাশাপাশি বৈশ্বিক পদক্ষেপের ওপর জোর দেন। তিনি মিয়ানমারের বর্তমান সংঘাতময় পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন, যা বাংলাদেশের ভূখন্ডে নতুন করে রোহিঙ্গাদের অনুপ্রবেশের ক্ষেত্র তৈরি করছে। সমগ্র অঞ্চলে এই সংকট ছড়িয়ে পড়ার আশংকা প্রকাশ করে, মিয়ানমারের চলমান সঙ্কট নিরসন এবং রোহিঙ্গাদের বাংলাদেশ থেকে মিয়ানমারে প্রত্যাবাসনে প্রয়োজনীয় ভূমিকা পালনের জন্য জাতিসংঘের প্রতি আহবান জানান পররাষ্ট্র সচিব। তিনি জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূতের প্রতি বাংলাদেশের পূর্ণ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের রোহিঙ্গা সংকট নিয়ে একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজনের প্রস্তাবটি উল্লেখ করে, পররাষ্ট্র সচিব এ সম্মেলন আয়োজনে জাতিসংঘের সহযোগিতা কামনা করেন।

আলোচনার সময়, আন্ডার-সেক্রেটারি-জেনারেল, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার এবং জাতিসংঘ মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের অফিসের মধ্যে চলমান সহযোগিতার প্রশংসা করেন। তিনি বাংলাদেশের সংস্কার উদ্যোগকে এগিয়ে নিতে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রসমূহে সহযোগিতার আশ্বাস প্রদান করেন। আন্ডার-সেক্রেটারি-জেনারেল জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেন। রোহিঙ্গা ইস্যুতে, তিনি আশা প্রকাশ করেন যে জাতিসংঘ মহাসচিবের নতুন বিশেষ দূত মিস জুলি বিশপ সামগ্রিকবভাবে এই সমস্যা মোকাবেলায় সকল অংশীজনের সাথে কাজ করে যাবেন।

বৈঠকের পূর্বে পররাষ্ট্র সচিব জাতিসংঘ সাধারণ পরিষদের তৃতীয় কমিটিতে 'নারীর অগ্রগতি' বিষয়ে বক্তব্য প্রদান করে। প্রদত্ত বক্তব্যে তিনি নারী শিক্ষা ও দক্ষতা উন্নয়নে বিনিয়োগের গুরুত্ব এবং এ বিষয়ে প্রয়োজনীয় আর্থিক সংস্থান নিশ্চিত করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি নারী শিক্ষা, জেন্ডার সমতা, ডিজিটাল বিভাজন দূরীকরণ, এবং নারীদের স্বাবলম্বী করে গড়ে তুলতে তাদের সুস্থতা ও অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণে বাংলাদেশ সরকারের উদ্যোগসমূহের উপর আলোকপাত করেন। পররাষ্ট্র সচিব, ১৯৯৫ সালের বেইজিং ঘোষণা এবং প্ল্যাটফর্ম ফর অ্যাকশন, ঈউঊঅড এবং নারী, শান্তি ও নিরাপত্তা (ডচঝ) এজেন্ডার প্রতি বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন এবং ২০০০ সালে নারী, শান্তি ও নিরাপত্তা (ডচঝ) এজেন্ডার প্রতিষ্ঠাতা রেজ্যুলেশন ১৩২৫ গৃহীত হওয়ার ক্ষেত্রে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের তৎকালীন অস্থায়ী সদস্য হিসেবে বাংলাদেশের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন।

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত, আন্ডার সেক্রেটারি জেনারেলের সাথে এ বৈঠকে উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

যে কারণে বিপাকে পড়েছেন কানাডার অস্থায়ী

(২৩ এর পাতার পর) যে ঘাটতি তৈরি হয়েছে, তার জন্য অভিবাসীদের দায়ী না করে বরং এই দুই খাতে সরকারের স্বল্প বিনিয়োগের দিকে নজর ফেরানো দরকার।

কানাডার কর্তৃপক্ষ বলছে, তারা অভিবাসনের ক্ষেত্রে আরও বেশি নমনীয় নীতি নিতে চায়। এর মানে হলো, যখন শ্রমিক দরকার হবে, তখন অভিবাসী আসার সুযোগ দেওয়া হবে। দেশটির কর্মসংস্থানমন্ত্রী র‍্যান্ডি বয়সোনল্ট বলেন, 'এটা অনেকটা অ্যাকর্ডিয়নের মতো কাজ করবে। যখন অনেক বেশি কর্ম খালি থাকবে, তখন আমরা বেশি করে মানুষ আনব। আর অর্থনীতির অবস্থা ভালো না থাকলে লোক আসা কঠিন হবে।' কিন্তু সাচিনদীপ সিংয়ের মতো ভারতীয়রা কাজের অনুমতি হারিয়ে এখন বেশ বিপদে রয়েছেন। তিনি ও তার পরিবার ৩০ হাজার ইউএস ডলার ব্যয় করেছেন অফিস ব্যবস্থাপনা ও অতিথিসেবা বিষয়ে ডিগ্রি নেওয়ার জন্য। ভেবেছিলেন, এই ডিগ্রি তাকে কানাডায় একটি ভালো অবস্থান গড়তে সাহায্য করবে। কিন্তু এখন তাকে অন্য বিকল্পের কথা ভাবতে হচ্ছে।

সাচিনদীপ আবার কলেজে ফিরে যেতে পারেন। সে ক্ষেত্রে তাকে আরও বেশি অর্থ খরচ করতে হবে। কিছু মানুষ বেআইনিভাবে বাস করছেন, আর ক্লিনার বা রেস্তোঁরাঁয় কাজ করে খুব অল্প বেতন নিয়ে জীবন চালাচ্ছেন। কেউ কেউ আবার অপরাধীদের খপ্পরে পড়েন। অনেকে যোগ্য না হলেও আশ্রয় প্রার্থনা করেন। সরকারি পরিসংখ্যানে দেখা গেছে, চলতি বছরের প্রথম ৮ মাসে ১৩ হাজার আন্তর্জাতিক শিক্ষার্থী আশ্রয় প্রার্থনা করেছেন। গত বছরের একই সময়ে এ সংখ্যা ছিল এর অর্ধেক। অনেকে যুক্তরাষ্ট্রে চলে যাওয়ার চেষ্টা করে। বেআইনিভাবে সীমান্ত অতিক্রম করে যুক্তরাষ্ট্রে যাওয়ার ঘটনা রেকর্ড পরিমাণ বেড়েছে বলে দেখা গেছে।

নিউজার্সীতে বন্দুকধারীর গুলিতে

(শেষ পাতার পর) রামাদা হোটেলে এ ঘটনা ঘটে। এ ঘটনায় আরো একজন আহত হয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন এসেক্স কাউন্টি প্রসিকিউটর অফিস। নিহত মোহাম্মদ শাহরিয়ার ইসলাম ড্রেক্সেল বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট, আমেরিকান ন্যাশনাল ইউনিভার্সিটিতে তথ্যপ্রযুক্তি এবং চীনের নানজিং বিশ্ববিদ্যালয়ে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে পড়াশোনা করছিলেন।

জানা যায়, ফেয়ারফিল্ডের বাসিন্দা বাংলাদেশী যুবক শাহরিয়ার রামাদা হোটেলের সামনের টেবিলে ক্লার্ক হিসেবে কাজ করছিলেন। এ সময় রুম বুকিং নিতে আসেন একজন অতিথি। তার সঙ্গে শাহরিয়ারের কথা কাটাকাটি হয়। বিষয়টি সমাধানে ম্যানেজারের কাছে যাওয়ার চেষ্টা করলে শাহরিয়ারকে গুলি করে ওই দুর্বৃত্ত। গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পুলিশ ও এসেক্স কাউন্টি প্রসিকিউটর অফিস নিহত শাহরিয়ারের পরিচয় শনাক্ত করেন। তার দেশের বাড়ি কিশোরগঞ্জে। শাহরিয়ারের স্ত্রী ও ৮ মাস বয়সী মেয়ে রয়েছে। ছোট ভাই তানজিল ইসলাম একই এলাকায় থাকেন। তাদের মা-বাবা বর্তমানে বাংলাদেশে অবস্থান করছেন। এদিকে এ ঘটনায় এখনো কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। তাকে হত্যার কারণও জানাতে পারেনি প্রসিকিউটর অফিস। তবে এসেক্স কাউন্টির প্রসিকিউটর টেড স্টিফেনস শুক্রবার হোটেলে একটি ব্রিফিংয়ে বলেন, এ ঘটনায় জনসাধারণের জন্য কোনো আসন্ন বিপদ নেই।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC. ELECTION 2024

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৪

নির্বাচন ২৭ অক্টোবর, রবিবার ২০২৪

আমাদের প্রতিশ্রুতি কমিউনিটিকে ঐক্যবদ্ধ করে মূলধারায় শক্ত অবস্থান প্রতিষ্ঠা, নতুন প্রজন্মের সাথে বাংলাদেশ সোসাইটির সেতুবন্ধ সুদৃঢ় করে সোসাইটিকে আরো গণমুখী, কল্যাণকর ও জবাবদিহিতামূলক সার্বজনীন সংগঠনে রূপান্তর করা

সেলিম-আলী পরিষদের


A1
আতাউর রহমান সেলিম
সভাপতি


A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক

সহ সভাপতি প্রার্থী

PLEASE VOTE FOR SALIM-ALI PANEL A LINE


A3

কামরুজ্জামান কামরুল

সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা

সাবেক সাধারণ সম্পাদক
জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন জেবিবিএ)

সাবেক সভাপতি
প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইন্‌ক

উপদেষ্টা
জ্যাকসন হাইটস এলাকাবাসী
নর্থবেঙ্গল ফাইন্ডেশন ইউএসএ ইন্‌ক
জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি

সত্ত্বাধিকারী
খামার বাড়ি গ্রুপ
রিলায়েবল হোম কেয়ার

আজীবন সদস্য
জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদ
আল আরাফা ইসলামিক সেন্টার মসজিদ

সেলিম-আলী পরিষদকে A লাইনে আপনার মূল্যবান তিন ভোট দিন

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী


A2
মোঃ মহিউদ্দিন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি


A3
কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি


A6
মফজুল ইসলাম ভূইয়া (রুমি)
কোষাধ্যক্ষ


A7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক


A8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক


রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক


A10
জামিল আদনানী
সমাজকল্যাণ সম্পাদক


A11
[illegible] বাবুল
[illegible] সম্পাদক


A12
আশ্রাব আলী লিটন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক


A13
মোহাম্মদ হাসান (জিলানী)
ছুল ও শিক্ষা সম্পাদক


A14
মোঃ সিদ্দিক পাটওয়ারী
কার্যকরী সদস্য


A15
হারুন চেয়ারম্যান
কার্যকরী সদস্য


A16
আবুল কাশেম চৌধুরী
কার্যকরী সদস্য


A17
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
কার্যকরী সদস্য


A18
মুনসুর আহমেদ
কার্যকরী সদস্য


A19
হাসান খান
কার্যকরী সদস্য

সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL

প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

যুক্তরাষ্ট্রে বাংলাদেশের দূর্নীতিবাজরা সামাজিকভাবে বয়কটের শিকার

(প্রথম পাতার পর) অনুসন্ধানও মিলছে না যে, তারা কে কোথায় অবস্থান করছেন।

নাসিম পুত্র তমাল মনসুর

বাংলাদেশের বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের ১৭৫ কোটি টাকার সরকারি ক্রয়ে দুর্নীতি এবং অর্থ পাচার করে নিউইয়র্কের ১২ অ্যাপার্টমেন্ট ক্রয়ের অভিযোগে সাবেক স্বাস্থ্যমন্ত্রী মরহুম মোহাম্মদ নাসিমের ছেলে তমাল মনসুরের বিরুদ্ধে অনুসন্ধান করছে বাংলাদেশ দুর্নীতি দমন কমিশন। এ ছাড়াও তমালের বিরুদ্ধে অর্থ পাচার, প্রকল্পে অনিয়মসহ দেশে-বিদেশে বিপুল অবৈধ সম্পদ গড়ার অভিযোগ রয়েছে। গত ৩ সেপ্টেম্বর দুদকের অভিযোগ সূত্রে জানা যায়, তমালের বিরুদ্ধে নিউইয়র্কের জ্যামাইকায় রিয়েল এস্টেট বিজনেস এবং আফতাব স্কাই ভিউ কনডোমোনিয়াম টাওয়ারের ২৪টি অ্যাপার্টমেন্টের মধ্যে ১২টি অ্যাপার্টমেন্ট ও ৪টি পার্কিং স্পেস ক্রয় ও বিদেশে অর্থ পাচারের অভিযোগ রয়েছে। এছাড়াও তৎকালীন মন্ত্রী ও আওয়ামী লীগের প্রভাবশালী বাবার ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে দুর্নীতি-অনিয়মসহ বিভিন্ন অনৈতিক কার্যক্রমে জড়িয়ে পড়েন তমাল। এর মধ্যে গাজীপুরের শহীদ তাজউদ্দীন মেডিকেল কলেজ ও হাসপাতালে ১৭৫ কোটি টাকার সরকারি ক্রয়ে নিম্নমানের মালামাল সরবরাহ করে সরকারি অর্থ আত্মসাৎ করেন বলে ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে।

প্রসঙ্গত উল্লেখ্য, সাবেক মন্ত্রী মরহুম মোহাম্মদ নাসিমের পুত্র তমাল মনসুরের নিউইয়র্কে একাধিক অ্যাপার্টমেন্ট ক্রয়ের বিষয়ে ইতিপূর্বে টাইম টেলিভিশন অনুসন্ধানী রিপোর্ট প্রচার করে। সেসময় রিপোর্টটি বিভিন্ন মহলে আলোড়ন সৃষ্টি করে।

আবদুস সোবহান মিয়া (গোলাপ)

ইতিপূর্বে প্রথম আলো'য় প্রকাশিত খবরে বলা হয়, আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য মো. আবদুস সোবহান মিয়া (গোলাপ) যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে ৪০ লাখ ডলার ব্যয়ে একাধিক বাড়ি কিনেছেন। বিষয়টি নির্বাচনী হলফনামায় তিনি উল্লেখ করেননি। এই তথ্য অনুসন্ধানী সাংবাদিকদের বৈশ্বিক নেটওয়ার্ক 'অর্গানাইজড ক্রাইম অ্যান্ড করাপশন রিপোর্টিং প্রজেক্ট' বা ওসিসিআরপি তাদের ওয়েবসাইটে করা একটি প্রতিবেদনে উল্লেখ করেছে।

মো. আবদুস সোবহান মিয়া ২০১৮ সালের ডিসেম্বরে আওয়ামী লীগের মনোনয়নে মাদারীপুর-৩ আসন থেকে জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। গত ২০২২ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত আওয়ামী লীগের জাতীয় সম্মেলনে দলের কেন্দ্রীয় কমিটিতে তিনি প্রচার ও প্রকাশনা সম্পাদকের পদ পান। তিনি দলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদকও ছিলেন।

২০২৩ সালের ৬ জানুয়ারী শুক্রবার প্রকাশিত ওই প্রতিবেদনে বলা হয়েছে, মো. আবদুস সোবহান মিয়া ২০১৪ সালে প্রথম নিউইয়র্কে অ্যাপার্টমেন্ট কেনা শুরু করেন। ওই বছর নিউইয়র্কের জ্যাকসন হাইটস এলাকায় একটি সুউচ্চ ভবনে অ্যাপার্টমেন্ট কেনেন তিনি। পরের পাঁচ বছরে তিনি নিউইয়র্কে একে একে মোট ৯টি প্রপার্টি বা সম্পত্তির (ফ্ল্যাট বা বাড়ি) মালিক হন। এসব সম্পত্তির মূল্য ৪০ লাখ ডলারের বেশি (ডলারের বর্তমান বিনিময় মূল্য অনুযায়ী প্রায় ৪২ কোটি টাকা)।

মো. আবদুস সোবহান মিয়া ২০১৮ সালের ডিসেম্বরে আওয়ামী লীগের মনোনয়নে মাদারীপুর-৩ আসন থেকে জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। গত ডিসেম্বরে অনুষ্ঠিত আওয়ামী লীগের জাতীয় সম্মেলনে দলের কেন্দ্রীয় কমিটিতে তিনি প্রচার ও প্রকাশনা সম্পাদকের পদ পান। তিনি দলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদকও ছিলেন।

ওসিসিআরপির করা প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত নিউইয়র্কের জ্যাকসন হাইটসে পাঁচটি কনডোমিনিয়াম কিনেছিলেন আবদুস সোবহান। সে সময় ওই সম্পত্তির মূল্য ছিল প্রায় ২৪ লাখ ডলার। এ ছাড়া আশপাশের ভবনগুলোতে ৬ লাখ ৮০ হাজার ডলার মূল্যের তিনটি অ্যাপার্টমেন্ট কিনেছিলেন তিনি। নিউইয়র্কে কেনা এসব সম্পত্তির নথিপত্র বলছে, সম্পত্তিগুলো নগদ অর্থে কেনা হয়েছিল। এগুলোর মালিকানায় রয়েছেন তাঁর স্ত্রী গুলশান আরাও।

ওসিসিআরপির করা প্রতিবেদন অনুযায়ী, সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর ২০১৯ সালের ডিসেম্বরে আবদুস সোবহান নিউইয়র্কের জ্যাকসন হাইটসে আরও একটি সম্পত্তি (বাড়ি) কিনেছিলেন। ওই সম্পত্তির মূল্য ছিল প্রায় ১২ লাখ ডলার। ২০১৯ সালের ১৫ আগস্ট তিনি যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ত্যাগ করেছিলেন। এর সাত মাস আগে বাংলাদেশে সংসদ সদস্য নির্বাচিত হন তিনি। উল্লেখ্য, আব্দুস সোবহান গোলাপ এক সময় যুক্তরাষ্ট্র প্রাসী ছিলেন। বসবাস করতেন নিউইয়র্কে। ছিলেন নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ নেতা।

শিবলী-খোকন-বাবুর দেশত্যাগে নিষেধাজ্ঞা

এদিকে ঘুষ, দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ থাকায় বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশনের সাবেক চেয়ারম্যান শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, সাবেক প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন ও তার স্ত্রী রেজওয়ান নুর, খুলনা-৬ আসনের সাবেক এমপি আক্তারুজ্জামান বাবু ও তার স্ত্রী শারমিন আক্তারের বিদেশ গমনে নিষেধাজ্ঞা দিয়েছে আদালত। গত ৯ অক্টোবর বুধবার দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আস সামছ জগলুল হোসেনের আদালত এ আদেশ দেয়। এদিন দুদকের পক্ষে অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিদের বিদেশ গমনে নিষেধাজ্ঞা চেয়ে আলাদা তিনটি আবেদন করা হয়। শুনানি শেষে আদালত দেশত্যাগে নিষেধাজ্ঞার আবেদন মঞ্জুর করে।

শিবলী ও আক্তারুজ্জামানের নিষেধাজ্ঞা আবেদনে বলা হয়েছে, ক্ষমতার অপব্যবহার করে ঠিকাদারি ব্যবসাসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে সরকারি অর্থ আত্মসাৎপূর্বক নিজ ও পরিবারের সদস্যদের নামে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগের অনুসন্ধান চলমান রয়েছে। তাই সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে অভিযুক্ত ব্যক্তিদের বিদেশ গমন রহিত করা আবশ্যক।

অন্যদিকে আশরাফুল আলম খোকনের নিষেধাজ্ঞা আবেদনে বলা হয়েছে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস সচিব হিসেবে কর্মরত থেকে ঘুষ নিয়ে দলের পদ বাণিজ্য, ঋণ ও মুদ্রা চোরাচালান সিন্ডিকেট পরিচালনা, ম্যাক্স গ্রুপ, নগদ ও অন্যান্য বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান থেকে সুবিধা গ্রহণ, অবৈধভাবে ভিওআইপি ব্যবসা পরিচালনাসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে শত শত কোটি টাকা উপার্জনপূর্বক নিজ ও পরিবারের অন্য সদস্যদের নামে অবৈধ সম্পদ অর্জন ও মানিলন্ডারিংয়ের অভিযোগটি দুর্নীতি দমন কমিশনে অনুসন্ধান চলমান রয়েছে।

আশরাফুল আলম ইতিপূর্বে তার কর্মস্থল ত্যাগ করে যুক্তরাষ্ট্রে চলে আসেন এবং সপরিবারে নিউইয়র্কে লং অইল্যান্ডেই নিজ বাসায় বসবাস করছেন বলে জানা গেছে। তবে মাঝে মধ্যে তিনি প্রকাশ্যে আসলেও বর্তমানে নিজেকে গুটিয়ে রাখছেন।

এসএম আমজাদ হোসেন

সাউথ-বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স ব্যাংকের সাবেক চেয়ারম্যান এসএম আমজাদ হোসেনের বিরুদ্ধে ঋণ জালিয়াতির মাধ্যমে ৪৩০ কোটি টাকা আত্মসাতের মামলা রয়েছে। এ ছাড়া দুদকের অনুসন্ধানে নতুন করে আরও ৮২৯ কোটি টাকা জালিয়াতির তথ্য মিলেছে। এ অবস্থায় এসএম আমজাদ হোসেন স্থল সীমান্ত দিয়ে ২০২৩ সালের ৩ নভেম্বর ভারত হয়ে যুক্তরাষ্ট্রে পৌঁছেছেন। তার সঙ্গে স্ত্রী সুফিয়া আমজাদ ও মেয়ে তাজরির আমজাদও রয়েছেন। তারা নিউইয়র্ক সিটির জ্যামাইকা ও লং আইল্যান্ডে বাসা-বাড়ী কওে বসবাস করছেন। আমজাদ হোসেনের দুর্নীতির কারণে সম্প্রতি তার সব ব্যাংক হিসাব জব্দ (অ্যাকাউন্ট ফ্রিজ) করেন আদালত। সাউথ বাংলা ব্যাংকের চেয়ারম্যানের পদ থেকে তিনি সরে যেতে বাধ্য হন। বিদেশ আগমনের ক্ষেত্রে তিনি যুক্তরাষ্ট্রের পাসপোর্ট ব্যবহার করেন।

আমজাদ হোসেনের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের প্রতিবেদনে বলা হয়, চার দেশে বিপুল পরিমাণ অর্থপাচার করেছেন আমজাদ হোসেন। যুক্তরাষ্ট্র, রাশিয়া, সিঙ্গাপুর ও ভারতে একাধিক বাড়ি, গাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন তিনি। পাচার করা বিপুল অঙ্কের অর্থে তিনি যুক্তরাষ্ট্রে প্রাসাদ গড়েছেন। আমজাদ হোসেনের নামে দুদকে নতুন করে আরও ৮২৯ কোটি টাকা জালিয়াতির তথ্য মিলেছে। এর আগে আরও ৪৩০ কোটি টাকা ঋণ জালিয়াতির অভিযোগ ছিল। সব মিলিয়ে তার জালিয়াতি করা অর্থের পরিমাণ ২ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে। এর মধ্যে ৯ কর্মচারীর নামে তার ২৫ কোটি টাকা ঋণ নিয়ে আত্মসাত করেছেন-মর্মে প্রমাণ মিলেছে। বিভিন্ন দেশে অর্থ পাচারের সুনির্দিষ্ট অভিযোগের পর আমজাদ ও তার স্বার্থ-সংশ্লিষ্ট ৯৩৫টি ব্যাংক হিসাব জব্দের (ফ্রিজ) আদেশ দেন আদালত। দুদকের উপ-পরিচালক গুলশান আনোয়ার প্রধান এসএম আমজাদের দুর্নীতির বিষয় অনুসন্ধান করেন।

জাহাঙ্গীর আলম

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাবেক ব্যক্তিগত সহকারী জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে মানি লন্ডারিং আইনে অনুসন্ধান শুরু করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। সিআইডি সূত্র জানায়, শেখ হাসিনার বাসভবন সুধা সদনে তাঁর ব্যক্তিগত স্টাফ (পিয়ন) ছিলেন জাহাঙ্গীর। যাঁর কাজ ছিল সুধা সদনে খাওয়ার পানি পরিবেশন করা। এ কারণে তাঁর নাম হয় পানি জাহাঙ্গীর। পরে শেখ হাসিনা প্রধানমন্ত্রী হলে জাহাঙ্গীর নিজেকে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত সহকারী পরিচয় দেওয়া শুরু করেন। এ পরিচয় ব্যবহার করে আওয়ামী লীগের পদ, চাকরি, নিয়োগ ও বদলিবাণিজ্য করেন জাহাঙ্গীর। নোয়াখালীর চাটখিল উপজেলা আওয়ামী লীগের সহসভাপতির পদ নিয়ে গড়েছেন কোটি টাকার অবৈধ সম্পদ। প্রতারণার মাধ্যমে তিনি ৪০০ কোটি টাকার মালিকসহ গাড়ি-বাড়ির মালিক হয়েছেন বলে জানা গেছে।

গত জুলাই মাসে দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রসঙ্গে বলতে গিয়ে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজের বাসার সাবেক এক কর্মীর অর্থসম্পদের বিষয়টি সামনে এনেছিলেন। সেই ব্যক্তিটি ছিলেন জাহাঙ্গীর। সেদিন শেখ হাসিনা বলেছিলেন, 'আমার বাসায় কাজ করেছে, পিয়ন ছিল সে, এখন ৪০০ কোটি টাকার মালিক। হেলিকপ্টার ছাড়া চলে না। বাস্তব কথা। কী করে বানাল এত টাকা? জানতে পেরেছি, পরেই ব্যবস্থা নিয়েছি।'

গত দ্বাদশ সংসদ নির্বাচনে জাহাঙ্গীর নোয়াখালী-১ আসন (চাটখিল-সোনাইমুড়ী) থেকে নির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। তিনি নোয়াখালীর চাটখিল উপজেলার খিলপাড়া ইউনিয়নের নাহারখিল গ্রামের বাসিন্দা।

সিআইডি সূত্র আরও জানায়, বিভিন্ন মাধ্যমে তারা জানতে পেরেছে, জাহাঙ্গীরের স্ত্রী কামরুন নাহারের নামে রয়েছে ৭ কোটি ৩০ লাখ টাকার সম্পদ। যার মধ্যে ধানমন্ডিতে ২ হাজার ৩৬০ বর্গফুটের একটি ফ্ল্যাট, ১টি গাড়ি, বিভিন্ন ব্যবসায় ৭৩ লাখ টাকা বিনিয়োগ। তাঁর ব্যাংক হিসাব নম্বরে ১ কোটি ১৭ লাখ টাকা জমা থাকার তথ্য পাওয়া গেছে। এ ছাড়া জাহাঙ্গীরের নিজের নামে তাঁর এলাকায় ৪ কোটি টাকার কৃষি ও অকৃষিজমিদ; রাজধানীর মোহাম্মদপুর ও নিউমার্কেটে দুটি দোকান; মিরপুরে সাততলা ভবন ও দুটি ফ্ল্যাট; গ্রামের বাড়িতে একতলা ভবন এবং চাটখিলে চারতলা বাড়ি রয়েছে। নোয়াখালীর মাইজদী শহরের হরিনারায়ণপুর এলাকায় তাঁর পরিবারের একটি আটতলা বাড়ি রয়েছে; যার ১৯টি ফ্ল্যাটের মধ্যে ১৮টি ভাড়া দেওয়া আছে।

সিআইডি বলছে, অস্থাবর সম্পদ হিসেবে জাহাঙ্গীরের নগদ ও ব্যাংক মিলিয়ে ২ কোটি ৫২ লাখ ২ হাজার ৪৩০ টাকা, ২ লাখ ৭৫ হাজার টাকার ডিপিএস, এফডিআর ১ কোটি ৩০ লাখ ৫৫ হাজার ৯৬৮ টাকা; তাঁর স্ত্রীর ব্যাংক হিসাবের স্থিতি ২৭ লাখ ৯৭ হাজার ৪৫৫ টাকা, ডিপিএস ১৮ লাখ ৭৫ হাজার টাকা এবং অংশীদারি ফার্মে ৬ কোটি ২৪ লাখ ৮৫ হাজার টাকার বিনিয়োগ আছে বলে তথ্য পাওয়া যায়। এ ছাড়া জাহাঙ্গীর আলম এ কে রিয়েল এস্টেট লিমিটেড নামে একটি ডেভেলপার কোম্পানির মালিক ও হুন্ডির মাধ্যমে বিপুল পরিমাণ অর্থ যুক্তরাষ্ট্রে পাচার করেছেন বলে জানতে পেরেছে সিআইডি।

জাহাঙ্গীর আলমনের পরিবার ইমিগ্র্যান্ট হিসেবে আগে থেকেই নিউইয়র্কের ওজনপার্কে বসবাস করছিলেন। শেখ হাসিনার সরকার পতনের আগেভাগেই সে নিউইয়র্কে পাড়ি জমালেও তার সন্ধান মিলছে না। কারো কারো মতে সে ওজনপার্ক আর বাফেলো এলাকায় লুকিয়ে থাকছেন।

'সেলিম-আলী' প্যানেলের নির্বাচনী ইশতেহার ঘোষণা

(শেষ পাতার পর) নিউইয়র্ক সিটিতে বসবাসরত বাংলাদেশীদের জন্য সিটির অ্যাফোর্ডেবল হাউজিং ও বিনা মূল্যে সিটির স্বাস্থ্যসেবা কর্মসূচিতে সহায়তা করা। কমিউনিটির নিম্ন আয়ের প্রবাসীদের জন্য সিটি স্টেট ও ফেডারেল সরকারের বরাদ্দকৃত আর্থিক সহায়তা পেতে সহযোগিতা প্রদান, ইমিগ্রেশনসহ বিভিন্ন আইনি বিষয়ে পরামর্শ প্রদানের জন্য নিয়মিতভাবে সেমিনার ও কর্মশালার আয়োজন। প্রবাসীদের জন্য সিটি স্টেট ও ফেডারেল সরকারের কাজের তথ্য প্রদান ও বিভিন্ন কর্মশালার মাধ্যমে কাজ পেতে সহায়তা করাও প্রতিশ্রুতি দেয়া হয়।

অন্যদিকে যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে আমাদের নতুন প্রজন্মের সম্পৃক্ততা বাড়াতে সব ধরনের সহায়তা প্রদান ছাড়াও সকল বাংলাদেশী-আমেরিকানকে ভোটার রেজিস্ট্রেশনের আওতায় আনার প্রচেষ্টা অব্যাহত রাখা। সোসাইটির কার্যকরী পরিষদের মহিলা বিষয়ক সম্পাদকের একটি পদ সংযোজন করার লক্ষ্যে ও গঠনতন্ত্রকে আরও যুগোপযোগী করতে 'গঠনতন্ত্র সংশোধন কমিটি গঠন করা। পাশাপাশি এই প্রবাসে কোনো বাংলাদেশী মৃত্যুবরণ করলে যার যার ধর্মীয় রীতি অনুযায়ী দাফন বা সৎকার করতে পূর্বের চেয়ে আরও বেশি সহায়তা প্রদান করা হবে। প্রবাসীদের স্বার্থে এই প্রবাসের সকল আঞ্চলিক, সামাজিক, সাংস্কৃতিক, ক্রীড়া সংগঠন এবং সোসাইটির সাবেক কর্মকর্তাদেরকে বাংলাদেশ সোসাইটির সঙ্গে সম্পৃক্ত করে সোসাইটিকে আরও গতিশীল করার জন্য পদক্ষেপ নেবে এই প্যানেল। বাংলাদেশের পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে যুক্তরাষ্ট্র প্রবাসীদের বিভিন্ন দাবি আদায়ে নিবিড়ভাবে কাজ করা। বিশেষ করে, 'নিউইয়র্ক-ঢাকা' রুটে বিমান পুনরায় চালুর ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে জোরালোভাবে কাজ করার প্রতিশ্রুতি দেয়া হয়।

'সেলিম-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির পক্ষ থেকে এ সংক্রান্ত প্রচার-প্রচারণা চালানো হচ্ছে। তারা বিভিন্ন অনুষ্ঠানে ভোটারদের হাতে এবং তাদের বাসাবাড়িতে এই নির্বাচনী ইশতেহার পাঠাচ্ছে। তারা ভোটারদের প্রতিশ্রুতি দিচ্ছে নির্বাচনে জিতে সোসাইটির নেতৃত্বে যেতে পারলে ইশতেহারে উল্লেখ করা সকল বিষয় বাস্তবায়ন করবে।

বাফেলোতে বাংলাদেশী যুবককে

শোকের ছায়া নেমে এসেছে।


জানা যায়, রতন গাড়ী পার্ক করে দুই বন্ধুকে নিয়ে গল্প করছিলেন। এমন সময় কৃষ্ণাঙ্গ এক ব্যক্তি এসে রতনের গাড়ী সরাতে বলে। রতন সহ বন্ধুরা গাড়ী সরাতে অস্বীকৃতি জানিয়ে বলে 'আমরাতো বৈধভাবে পার্ক করেছি। গাড়ী সরাবো কেন?' একথা বলার পর তাদের মধ্যে বাক-বিতন্ডার এক পর্যায়ে কৃষ্ণাঙ্গ ব্যক্তিটি বন্দুক বের করে রতনকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছুড়ে পালিয়ে যায়। এরপর গুরুতর আহত অবস্থায় রতনকে নিকটবর্তী একটি হাসপাতালে নিলে কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। এই রিপোর্ট লেখা পর্যন্ত বাফেলো পুলিশ ঘাতক ব্যক্তিকে গ্রেফতার করতে পারে নি।

রতনের জন্ম নিউইয়র্ক সিটির জামাইকায়। বাবা-মায়ের সাথে কয়েক বছর আগেই তারা বাফেলো শহরে চলে যায়। দুই ভাই ও এক বোনের মধ্যে রতন দ্বিতীয়। সে স্থানীয় কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র। তার বাবার নাম আতাউর লিটন এবং তাদের দেশের বাড়ী বগুড় জেলার শিবগঞ্জে।

এদিকে রতনের নামাজে জানাজা সোমবার (১৪ অক্টোবর) বিকেলে বাফেলো মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হবে বলে স্থানীয় রিয়েল এস্টেট ব্যবসায়ী নাজমুল হোসাইন জানিয়েছেন। তার মরদেহ বাফেলো হারলেম সিমিটারিতে দাফন করা হবে।

জ্যাকসন হাইটসে আ. লীগের বিক্ষোভ সমাবেশ





(শেষ পাতার পর) করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান এবং সভা পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ।

সভায় বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি ডা. মাসুদুল হাসান ও সোলাইমান আলী, সাংগঠনিক সম্পাদক নুরুল আমিন বাবু, দুরুদ মিয়া রনেল, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল হামিদ, শ্রম বিষয়ক সম্পাদক আশরাফ উদ্দিন, অর্থ ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক শরীফ কামরুল আলম হিরা, নূরুল আমিন বাবু, সদস্য সাহানারা রহমান, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, কেন্দ্রীয় যুবলীগের ঢাকা উত্তর সাধারণ সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, ব্রুকলীন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির উপ-আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক গাজী ওয়াহিদুজ্জামান লিটন, কেন্দ্রীয় যুবলীগ নেতা সাখাওয়াত হোসেন চঞ্চল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি এম উদ্দিন আলমগীর, যুগ্ম সাধারণ সম্পাদক সাদেক শিবলী, মুস্তাইন বিল্লা, সাংগঠনিক সম্পাদক মাহফুজুল হক হায়দার, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের সভাপতি শাহনাজ মমতাজ, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়া, যুক্তরাষ্ট্র যুবলীগ নেতা সেবুল মিয়া, রহিমুজ্জামান সুমন, ছাত্রলীগ নেতা হৃদয় প্রমুখ। এছাড়া সভায় অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

সভায় ড. সিদ্দিকুর রহমান বলেন, ড. মুহাম্মদ ইউনুসের সরকার অবৈধ সরকার। এই অবৈধ সরকারের ক্ষমতায় থাকার কোন অধিকার নেই। এখনো বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অবিলম্বে তাকে দেশে ফিরিয়ে এনে তার হাতে ক্ষমতা তুলে দেয়া হোক। তা না হলে আওয়ামী লীগের ২ কোট নেতাকর্মী প্রস্তুত আছে ঢাকাকে অচল করে দেয়ার জন্য।

নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

(৩ এর পাতার পর) 'আমরা মনে করি, সকল সাংবাদিকের আদর্শ ও উদ্দেশ্য এক এবং অভিন্ন। সাংবাদিকেদের মাঝে প্রতিযোগিতা থাকবে। তবে তা হবে সুস্থ, সুন্দর এবং সৃজনশীল। এটাই হোক নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকীর মূলমন্ত্র।'

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক নিউইয়র্ক সময় সম্পাদক জাকারিয়া মাসুদ জিকো ও জাতীয় প্রেসক্লাবের সদস্য সাঈদ তারেক, জয়বাংলা টিভি'র আদিত্য শাহীন ছাড়াও আজিজুল হক, আব্দুস সাত্তার, আমিন খান মেহেদী, রকি আলিয়ান প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়াও প্রেসক্লাবের সদস্যরা সপরিবারে অনুষ্ঠানে যোগ দেন।

আল্লাহর যিকরে মু'মিনদের চিত্ত প্রশান্ত হয়

ইফা: ৫৮৫২, আ:প্র:৫৯৫৯)

যিকর একটি ব্যাপক অর্থবোধক শব্দ এবং ইসলামী পরিভাষায় একটি গুরুত্বপূর্ণ ইবাদাত। মু'মিনের জীবন হবে যিক্‌র নির্ভর। অর্থাৎ যখন যে কাজ করবে সে সময় অবশ্যই আল্লাহকে স্মরণ করবে। বিসমিল্লাহ্ বলে কাজ শুরু করবে এবং কাজের পরতে পরতে আল্লাহর স্মরণ থাকবে। জীবনের প্রতিটি কাজ করতে হবে আল্লাহর নির্দেশিত এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রদর্শিত পন্থায়। যখনই কোন কাজ করবে তখনই আল্লাহ নির্দেশ ও তাঁর রাসুলের প্রদর্শন মোতাবেক হচ্ছে কি না তার চিন্তা করার নামই যিক্‌র। আমাদের ধারণা আল্লাহর যিক্‌র বলতে শুধুমাত্র নির্ধারিত কিছু কালিমা নির্ধারিত সময়ে ও সালাতের মধ্যেই সীমাবদ্ধ। এ ধারণা ভুল। আল্লাহ তা'আলা বলেন, "যখন সালাত শেষ হয়ে যায় তখন ভু-পৃষ্ঠে ছড়িয়ে পড়ো এবং আল্লাহর অনুগ্রহ সন্ধান করো এবং অধিকমাত্রায় আল্লাহকে স্মরণ করতে থাকো। আশা করা যায় তোমরা সফলকাম হবে।" (সুরা জুম'আ:১০)

তোমরা রিযিক তালাশের জন্য জমিনে ছড়িয়ে পড়ো কিন্তু নিজেদের কাজ-কর্ম ও ব্যবসায়-বাণিজ্যে ব্যস্ত হয়েও আল্লাহকে ভুলে যেও না। বরং সর্ববস্থায় তাঁকে স্মরণে রাখো এবং তাঁকেই স্মরণ করতে থাকো। আল্লাহকে বেশী বেশী স্মরণ করার অর্থ হচ্ছে, জীবনের সকল কাজকর্মে সমস্ত ব্যাপারেই সবসময় যেন মানুষের মুখে আল্লাহর নাম এসে যায়। মানুষের মনে আল্লাহর চিন্তা পুরোপুরি ও সর্বব্যাপী আসন গেঁড়ে না বসা পর্যন্ত এ ধরণের অবস্থা তার মধ্যে সৃষ্টি হয় না। মানুষের চেতনার জগৎ অতিক্রম করে যখন অচেতন মনের গভীরদেশেও এ চিন্তা বিস্তৃত হয়ে যায় তখনই তার অবস্থা এমন হয় যে, সে কোন কথা বললে বা কোন কাজ করলে তার মধ্যে আল্লাহর নাম অবশ্যই এসে যাবে। আহার করলে বিসমিল্লাহ্ বলে শুরু করবে। আহার শেষ হলে আলহামদুলিল্লাহ বলবে। আল্লাহকে স্মরণ করে ঘুমাবে এবং ঘুম ভাঙ্গবে আল্লাহর নাম নিতে নিতে। কথাবার্তায় তার মুখে বিসমিল্লাহ, আলহামদুলিল্লাহ, ইনশা'আল্লাহ, মাশা'আল্লাহ, সুবহানা'আল্লাহ, যাযাকাল্লাহ, হাইয়্যাকাল্লাহ, আল্লাহ হাফিজ এবং এ ধরণের অন্যান্য বাক্য বার বার উচ্চারিত হতে থাকবে। প্রত্যেক ব্যাপারে বার বার আল্লাহর সাহায্য চাইবে। প্রত্যেক নিয়ামত লাভ করার পর আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করবে। বিপদ আসার পর তাঁর রহমতের প্রত্যাশী হবে। প্রত্যেক সংকটে তার দিকে মুখ ফিরাবে। কোন খারাপ কাজের সুযোগ এলে তাঁকে ভয় করবে। কোন ভুল বা অপরাধ হয়ে গেলে তাঁর কাছে মাফ চাইবে। যে কোন প্রয়োজন ও অভাবের মুহূর্তে তাঁর কাছে প্রার্থনা করবে। মোট কথা উঠতে বসতে এবং দুনিয়ার সমস্ত কাজকর্মে আল্লাহর স্মরণ হয়ে থাকবে তার কণ্ঠলগ্ন। এটি ইসলামী জীবনের প্রাণ।

